

মডেল টেস্ট- ০১

বহুনির্বাচনি অভীক্ষা

ক্র.	১	L	২	K	৩	M	৪	K	৫	L	৬	K	৭	M	৮	N	৯	N	১০	L	১১	K	১২	N	১৩	M
	১৪	M	১৫	K	১৬	N	১৭	N	১৮	N	১৯	M	২০	N	২১	L	২২	M	২৩	L	২৪	L	২৫	K		

সৃজনশীল

প্রশ্ন ▶ ০১ (i) $\text{CO}_2 + \text{H}_2\text{O} \rightarrow \text{H}_2\text{CO}_3$
(ii) $\text{N}_2 + \text{O}_2 \rightarrow 2\text{NO}$

ক. দহন বিক্রিয়া কাকে বলে?

১

খ. নিঃসরণ ও ব্যাপন দুটি ভিন্ন প্রক্রিয়া কেন?

২

গ. (i) নষ্ঠর বিক্রিয়ায় উৎপাদের ক্ষেত্রে 'C' এর জারণ মান নির্ণয় কর।

৩

ঘ. (i) এবং (ii) নষ্ঠর বিক্রিয়া দুইটির উভয়েই সংযোজন বিক্রিয়া হলেও কেবল একটি সংশ্লেষণ বিক্রিয়া- যুক্তিসহ বিশ্লেষণ কর।

৪

[অধ্যায় ৭ এর আলোকে]

১২ প্রশ্নের উত্তর

ক কোনো মৌল বা যৌগকে বায়ুর অক্সিজেনের উপস্থিতিতে পুড়িয়ে তার উপাদান মৌলের অক্সাইডে পরিণত করার প্রক্রিয়াকে দহন বিক্রিয়া বলে।

খ নিঃসরণ ও ব্যাপন দুটি ভিন্ন প্রক্রিয়া। নিঃসরণ হলো সরু ছিদ্রপথে কোনো গ্যাসের অণুগুলোর উচ্চচাপ থেকে নিম্নচাপ অণুগুলোর উচ্চচাপ থেকে নিম্নচাপ অণুগুলো বেরিয়ে আসার প্রক্রিয়া। অর্থাৎ সরু ছিদ্রপথে কোনো গ্যাসের অণুগুলোর উচ্চচাপ থেকে নিম্নচাপ অণুগুলো বেরিয়ে আসার প্রক্রিয়া। আর ব্যাপন হলো কোনো মাধ্যমে কঠিন, তরল বা গ্যাসীয় বস্তুর স্ফটঃফুর্ত ও সমভাবে পরিব্যাপ্ত হওয়ার প্রক্রিয়া। অর্থাৎ স্ফটঃফুর্ত প্রক্রিয়া এবং এ প্রক্রিয়ায় কঠিন, তরল বা গ্যাসীয় বস্তু সমভাবে পরিব্যাপ্ত হয়।

গ উদ্বীপকের (i) নং বিক্রিয়ার উৎপাদ অর্থাৎ H_2CO_3 এর কেন্দ্রীয় পরমাণু 'C' এর জারণ মান নির্ণয় :

ধরি, H_2CO_3 এ C-এর জারণ সংখ্যা = X

$$\therefore (1) \times 2 + X + (-2) \times 3 = 0$$

$$\Rightarrow 2 + X + (-6) = 0$$



$$\Rightarrow X - 4 = 0$$

$$\therefore X = +4$$

অতএব, উদ্বীপকের (i) নং বিক্রিয়ার উৎপাদ H_2CO_3 এর ক্ষেত্রে C-এর জারণ মান = +4

ঘ উদ্বীপকের (i) ও (ii) নং বিক্রিয়া দুইটির উভয়েই সংযোজন বিক্রিয়া হলেও কেবল মাত্র একটি সংশ্লেষণ বিক্রিয়া- বক্তব্যটি সঠিক। নিম্নে তা যুক্তিসহ বিশ্লেষণ করা হলো-

বিক্রিয়া দুটি হলো :



আমরা জানি, যে রেডিয়া বিক্রিয়ায় দুই বা ততোধিক রাসায়নিক পদার্থ পরস্পরের সাথে যুক্ত হয়ে একটিমাত্র উৎপাদ উৎপন্ন করে তাকে সংযোজন বিক্রিয়া বলে।

উল্লিখিত বিক্রিয়া দুটিতে CO_2 ও H_2O এবং N_2 ও O_2 পরস্পর যুক্ত হয়ে যথাক্রমে H_2CO_3 ও NO উৎপন্ন করে। সুতরাং বিক্রিয়াদ্বয় হলো সংযোজন বিক্রিয়া।

আবার জানি, যে সকল সংযোজন বিক্রিয়ায় শুধুমাত্র মৌলিক পদার্থ যুক্ত হয়ে একটিমাত্র উৎপাদ উৎপন্ন করে তাকে সংশ্লেষণ বিক্রিয়া বলে। সংজ্ঞানুযায়ী উপরিউক্ত বিক্রিয়া দুটির মধ্যে (ii) নষ্ঠর বিক্রিয়া হলো সংশ্লেষণ বিক্রিয়া।

তাই আলোচনা থেকে বলা যায়, (i) ও (ii) নষ্ঠর বিক্রিয়া সংযোজন বিক্রিয়া হলো কেবলমাত্র (ii) নষ্ঠর বিক্রিয়া সংশ্লেষণ বিক্রিয়া- বক্তব্যটি সঠিক।

প্রশ্ন ▶ ০২ (i) $\text{CH}_3\text{CH}_2\text{COONa} + \text{NaOH} \xrightarrow[\Delta]{\text{CaO}}$
(ii) প্রোপিন $\xrightarrow{\text{পলিমারকরণ}} \text{Y}$

ক. অ্যালকাইল মূলক কী?

১

খ. প্রোপিনকে অসম্পৃক্ত যৌগ বলা হয় কেন?

২

গ. X হতে কীভাবে ইথানল পাওয়া যায়? সমীকরণসহ ব্যাখ্যা কর।

৩

ঘ. উদ্বীপকের 'Y' যৌগটি আমাদের জীবনের জন্য যেমন প্রয়োজনীয়, তেমনি এর ক্ষতিকর প্রভাব ও রয়েছে- মূল্যায়ন কর।


[অধ্যায় ১১ এর আলোকে]

১৩ প্রশ্নের উত্তর

ক অ্যালকেন থেকে একটি H-পরমাণু অপসারিত হলে যে মূলক বা গুপ গঠিত হয় তা-ই অ্যালকাইল মূলক। অ্যালকাইল মূলকের সাধারণ সংকেত C_nH_{2n+1} .


খ আমরা জানি, যে সকল কার্বন শিকলে কমপক্ষে একটি কার্বন-কার্বন দ্বিবন্ধন বা ত্রিবন্ধন থাকে, তাকে অসম্পৃক্ত হাইড্রোকার্বন বলে। প্রোপিন অণুতে একটি কার্বন-কার্বন দ্বিবন্ধন বিদ্যমান। তাই প্রোপিনকে অসম্পৃক্ত যৌগ বলা হয়।

গ উদ্বীপকের বিক্রিয়াটি পূর্ণ করে পাই,




উক্ত বিক্রিয়ায় প্রাপ্ত 'X' যৌগটি হলো ইথেন। ইথেন হতে নিম্নোক্ত বিক্রিয়ার মাধ্যমে ইথানল প্রস্তুত করা যায়।

ইথেন, ক্লোরিনের সাথে বিক্রিয়া করে ইথাইল ক্লোরাইড নামক অ্যালকাইল থ্যালাইড উৎপন্ন করে।




অতঃপর উৎপন্ন ইথাইল ক্লোরাইডকে লয় জলীয় KOH দ্রবণের সাথে যুক্ত করলে ইথানল নামক অ্যালকোহল উৎপন্ন হয়।



অতএব উক্ত প্রক্রিয়ায় 'X' যৌগ ইথেন হতে ইথানল প্রস্তুত করা যায়।

ব উদ্বিপক্রের (ii) নং বিক্রিয়া সম্পূর্ণ করে পাই,



সুতরাং উদ্বিপক্রের 'Y' যৌগটি হলো পলিপ্রোপিন। যা একটি থার্মোপ্লাস্টিক। উক্ত যৌগটি আমাদের জীবনের জন্য যেমন প্রয়োজনীয় তেমনি এর ক্ষতিকর প্রভাবও রয়েছে- উক্তিটি যথার্থ।

থার্মোপ্লাস্টিক আমাদের দৈনন্দিন জীবনের একটি গুরুত্বপূর্ণ উপাদান। যাকে বারবার গলানো ও বিভিন্ন আকৃতির বস্তুতে পরিণত করা যায়। পলিপ্রোপিন হতে চমকপ্রদ প্লাস্টিক রশি, বোতল, থালাবাসন ইত্যাদি প্রয়োজনীয় বস্তু প্রস্তুত করা হয়। অর্থ পূর্বেকার সময়ে এগুলো প্রস্তুতিতে বিভিন্ন ধাতু ও প্রাকৃতিক তন্তু ব্যবহার করা হতো। প্লাস্টিক এদের তুলনায় পাতলা ও ইচ্ছান্তিয়ায়ি রূপ ও বিভিন্ন আকারের বস্তু তৈরি করা যায়। যা আমাদের পারিপারিক জীবনকে আরো আকর্ষণীয় ও সাংস্কৃতিক ক্ষেত্রে তুলেছে।

কিন্তু প্লাস্টিক জাতীয় এসব বস্তুর পরিবেশের উপর ব্যাপক ক্ষতিকর প্রভাব রয়েছে। প্লাস্টিকের বস্তুকে আমরা মাটি বা পানিতে ফেলি। যা ব্যাকটেরিয়া দ্বারা ক্ষয় প্রাপ্ত হয় না। বরং দীর্ঘ সময় একই অবস্থায় থাকা হচ্ছে শহর এলাকার জলাবদ্ধতার প্রধান কারণ। শুধু তাই নয়, প্লাস্টিক মাটি ও পানির দৃঢ়ণ ঘটায় এবং পরিবেশের ভারসাম্য নষ্ট করে। তাই আলোচনার প্রক্ষেপটে বলা যায়, উদ্বিপক্রের 'Y' অর্থাৎ পলিপ্রোপিন যৌগটি আমাদের জীবনের জন্য যেমন প্রয়োজনীয়, তেমনি এর ক্ষতিকর প্রভাবও রয়েছে- উক্তিটি যথার্থ।

প্রশ্ন ▶ ০৩

P			Ne
Na	X	Y.....	Z
Q			R

[P, Q, X, Y, Z, R প্রতীকী অর্থে ব্যবহৃত]

- ক. ইলেকট্রন আসক্তি কাকে বলে? ১
- খ. ক্লোরিন একটি হ্যালোজেন মৌল-ব্যাখ্যা কর। ২
- গ. পারমাণবিক ভর পর্যায় সারণির মূলভিত্তি নয়- উদ্বিপক্রের Z এবং Q এর আলোকে ব্যাখ্যা কর। ৩
- ঘ. P, Q, X, Y মৌলসমূহকে পারমাণবিক আকারের উর্ধ্বক্রম সাজিয়ে এর যৌক্তিক কারণ বিশ্লেষণ কর। ৪


[অধ্যায় ৪ এর আলোকে]

৩নং প্রশ্নের উত্তর

ক কোনো মৌলের 1 mol চার্জ নিরপেক্ষ গ্যাসীয় বিচ্ছিন্ন পরমাণু 1mol ইলেকট্রনের সাথে যুক্ত হয়ে একক ঝণাত্মক চার্জযুক্ত গ্যাসীয় আয়ন সৃষ্টি করতে যে পরিমাণ শক্তি নির্গত হয়, তাকে সেই মৌলের ইলেকট্রন আসক্তি বলে।

খ হ্যালোজেন মানে লবণ উৎপাদনকারী এবং এর মূল উৎস সামুদ্রিক লবণ। হ্যালোজেন মৌলগুলোর সাথে ধাতু যুক্ত হয়ে লবণ গঠিত হয়। যেমন- ক্লোরিন (Cl) মৌল সোডিয়াম (Na) ধাতুর সাথে যুক্ত হয়ে সোডিয়াম ক্লোরাইড (NaCl) লবণ গঠিত হয়। তাই ক্লোরিন একটি হ্যালোজেন মৌল।

গ উদ্বিপক্রের Z ও Q মৌল দুটি হলো Ar ও K। এদের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ-



ইলেকট্রন বিন্যাস হতে দেখা যায়, Ar এর সর্ববহিঃস্থ শক্তিস্তর 4। অর্থাৎ মৌলটির পর্যায় 3 ও গ্রুপ-18। অন্যদিকে K মৌলটির সর্ববহিঃস্থ শক্তিস্তর 4। অর্থাৎ মৌলটির পর্যায় 4 এবং গ্রুপ 1।

অর্থাৎ উপরোক্ত আলোচনা থেকে দেখা যায়, পারমাণবিক ভর পর্যায় সারণির মূলভিত্তি নয়। ইলেকট্রন বিন্যাসই পর্যায় সারণির মূলভিত্তি।

ঘ উদ্বিপক্রের P, Q, X ও Y মৌল চারাটি হলো যথাক্রমে Li, K, Mg ও Al। মৌলগুলোর পারমাণবিক আকারের উর্ধ্বক্রম সাজিয়ে এর যৌক্তিক কারণ নিচে বিশ্লেষণ করা হলো-

আমরা জানি, একই পর্যায়ের বাম হতে ডানে পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে মৌলের পারমাণবিক আকার ক্রমাগ্রামে হ্রাস পায়। কারণ বাম থেকে ডানে মৌলের নিউক্লিয়াসে ক্রমাগ্রামে একটি করে প্রোটন বৃদ্ধি পেতে থাকে এবং বহিঃস্থ শক্তিস্তরে অনুরূপভাবে ইলেকট্রন সংখ্যা বৃদ্ধি পেতে থাকে কিন্তু ইলেকট্রনের স্তরের ক্ষেত্রে কোনো পরিবর্তন হয় না। ফলে বহিঃস্থ ইলেকট্রন নিউক্লিয়াসের দিকে বেশি আকৃষ্ট হয় এবং সেই সঙ্গে পারমাণবিক ব্যাসার্ধ ক্রমাগ্রামে হ্রাস পায়। আবার পর্যায় সারণির একই গ্রুপে অবস্থিত মৌলসমূহের পারমাণবিক আকার পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে উপর থেকে নিচে বৃদ্ধি পায়। কারণ একই গ্রুপে উপর থেকে নিচে পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে পরমাণুর শক্তিস্তর বৃদ্ধি পায়। ফলে পরমাণুর আকার বৃদ্ধি পায়। এক্ষেত্রে পর্যায় সারণির ত্যয় পর্যায়ের মৌল Mg গ্রুপ-2 এবং Al গ্রুপ-13 তে অবস্থিত। আবার গ্রুপ-1 এর মৌল Li ২য় পর্যায়ে এবং K ৪র্থ পর্যায়ে অবস্থিত।

সুতরাং মৌলগুলোকে পারমাণবিক আকারের উর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই, Li < Al < Mg < K।

প্রশ্ন ▶ ০৪ অ্যালকোহল শ্রেণির একটি মৌগের 12g কে বিশ্লেষণ করে 7.2 gm C ও 1.6 gm H পাওয়া গেল।

ক. জারণ সংখ্যা কাকে বলে? ১

খ. তাত্র এসিড ও তাত্র ক্ষারের প্রশমন তাপ - 57.34kJ-ব্যাখ্যা কর। ২

গ. উদ্বিপক্রের যৌগটির আণবিক ভর 60 হলে আণবিক সংকেত নির্ণয় কর। ৩

ঘ. উদ্বিপক্রের যৌগ থেকে জৈব এসিড এবং অ্যালকিন প্রস্তুত করা সম্ভব- সমীকরণসহ বিশ্লেষণ কর। ৪

[অধ্যায় ৬ ও ১১ এর সমন্বয়ে]

৪নং প্রশ্নের উত্তর

ক ইলেকট্রন ত্যাগ বা গ্রহণের ফলে কোনো মৌলে উৎপন্ন ধনাত্মক বা ঋণাত্মক আধান সংখ্যাকে এই মৌলের জারণ সংখ্যা বলে।

খ কক্ষ তাপমাত্রায় এসিড ও ক্ষারের বিক্রিয়ায় এক মৌল পানি তৈরিতে উৎপন্ন তাপ হলো প্রশমন তাপ। এ বিক্রিয়ায় এসিড থেকে প্রাপ্ত H^+ আয়ন ও ক্ষার থেকে প্রাপ্ত OH^- আয়ন বিক্রিয়া করে এক মৌল পানি উৎপন্ন করে এবং পানি উৎপন্ন করতে - 57.34 kJ/mole তাপ উৎপন্ন হয়। তাত্র এসিড ও তাত্র ক্ষারের বিক্রিয়ায় পানি উৎপন্নে নির্দিষ্ট পরিমাণ তাপ অপরিবর্তিত থাকে। তাই তাত্র এসিড ও তাত্র ক্ষারের প্রশমন তাপ - 57.34 kJ হয়।

গ উদ্বিপক্রে প্রদত্ত অ্যালকোহল শ্রেণির যৌগের 12g-কে বিশ্লেষণ করে 7.2 g পরিমাণ C এবং 1.6 g পরিমাণ H পাওয়া যায়।

$$\therefore \text{যৌগে C এর সংযুক্তি} = \frac{7.2}{12} \times 100\% = 60\%$$

$$\text{H এর সংযুক্তি} = \frac{1.6}{12} \times 100\% = 13.33\%$$

অ্যালকোহল শ্রেণির যৌগ C, H ও O পরমাণুর সমন্বয়ে গঠিত হওয়ায় যৌগটিতে অবশিষ্ট পরমাণুটি O এর সংযুক্তি = {100 - (60 + 13.33)}% = 26.67%।

যৌগটির প্রাপ্ত মানগুলো ব্যবহার করে স্থূল সংকেত নির্ণয় করা হয় এবং এ থেকে আণবিক সংকেত বের করা যায়।


স্থূল সংকেত নির্ণয় : প্রদত্ত মৌলগুলোর শতকরা সংযুক্তিকে তার পারমাণবিক ভর দিয়ে ভাগ করে পাই,

$$\text{C} = \frac{60}{12} = 5$$

$$\text{H} = \frac{13.33}{1} = 13.33$$

$$\text{O} = \frac{26.67}{16} = 1.666$$

গ উদ্বীপকের (i) নং বিক্রিয়াটি হলো-



বিক্রিয়া অনুসারে X ঘোগটি হলো CO_2 । এটি আবার H_2O এর সাথে বিক্রিয়া করে (ii) নং বিক্রিয়া সংঘটিত করে। অতএব, বিক্রিয়াটি হলো-
 $\text{CO}_2 + \text{H}_2\text{O} \longrightarrow \text{H}_2\text{CO}_3$ (M)

বিক্রিয়া অনুসারে M ঘোগটি হলো H_2CO_3 । আমরা জানি, কোনো নিরশেষ ঘোগে জারণ মান শূন্য। H_2CO_3 এর ক্ষেত্রে-

ধরি, C এর জারণ মান = x।

$$\begin{aligned} \therefore 1 \times 2 + x + (-2) \times 3 &= 0 & \text{এখানে, H এর জারণ মান } +1 \text{ ও O এর } -2 \\ &\Rightarrow 2 + x - 6 = 0 \\ &\Rightarrow x = +4 \end{aligned}$$

অতএব, H_2CO_3 ঘোগে কার্বনের জারণ সংখ্যা হলো +4।

ঘ গ নং প্রশ্নের অনুযায়ী উদ্বীপকের M ঘোগটি হলো H_2CO_3 । আবার উদ্বীপকের (iii) নং বিক্রিয়াটির পূর্ণরূপ হবে-




বিক্রিয়া অনুসারে N ঘোগটি হলো পটাশিয়াম হাইড্রোকাইড (KOH)। তাহলে M ও N ঘোগের মধ্যে সংঘটিত বিক্রিয়াটির পূর্ণরূপ হলো-



সুতরাং বিক্রিয়া উৎপন্ন লবণটি হলো K_2CO_3 । এটি ক্ষারীয় প্রকৃতির লবণ। K_2CO_3 লবণটিকে পানিতে দ্রবীভূত করলে নিম্নোক্ত বিক্রিয়াটি ঘটে-


আপাতদৃষ্টিতে বিক্রিয়াটি হলো-



প্রকৃতপক্ষে বিক্রিয়াটি :




বিক্রিয়ায় উৎপন্ন H_2CO_3 হলো একটি দুর্বল এসিড। কারণ এটি পানিতে আংশিকভাবে বিয়োজিত হয়। আবার KOH হলো শক্তিশালী ক্ষার। কারণ এটি পানিতে সম্পূর্ণরূপে বিয়োজিত হয়ে K^+ ও OH^- আয়ন উৎপন্ন করে। এ বিক্রিয়ায় এসিডের H^+ আয়ন ও ক্ষারের OH^- আয়ন বিক্রিয়া করে পানি উৎপন্ন করবে।



কিন্তু দ্রবণে অতিরিক্ত OH^- আয়ন থেকে যাবে কারণ H^+ এর পরিমাণ OH^- এর তুলনায় কম। যেহেতু দ্রবণে OH^- আয়নের আধিক্য থাকবে তাই দ্রবণটি হবে ক্ষারীয়।

সুতরাং উদ্বীপকের M ও N অর্থাৎ H_2CO_3 ও KOH এর বিক্রিয়া উৎপন্ন লবণ K_2CO_3 , ক্ষারীয় প্রকৃতির।

প্রশ্ন ▶ ০৭



[A, B ও C প্রচলিত কোনো মৌলের প্রতীক নয়]

- ক. অবস্থান্তর মৌল কাকে বলে? ১
 খ. হিলিয়ামকে 18 নং গ্রুপে রাখা হয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্বীপকের B ও C মৌল দ্বারা বন্ধন গঠন প্রক্রিয়া ডায়াগ্রামের সাহায্যে বর্ণনা কর। ৩
 ঘ. A ও C দ্বারা গঠিত ঘোগ অঞ্চল নিয়ম না মানলেও B ও C দ্বারা গঠিত ঘোগ অঞ্চল নিয়ম মেনে চলে- বিশ্লেষণ কর। ৪

[অধ্যায় ৫ এর আলোকে]



৭ম প্রশ্নের উত্তর

ক পর্যায় সারণির গ্রুপ-3 থেকে গ্রুপ-12 এর মৌলসমূহকে অবস্থান্তর মৌল বলে।


খ হিলিয়াম (He) এর ইলেকট্রন বিন্যাস $1s^2$ । অর্থাৎ হিলিয়ামের (He) সর্বশেষ কক্ষপথে 2টি ইলেকট্রন রয়েছে। ফলে হিলিয়ামের ইলেকট্রন বিন্যাসে 1s অরবিটাল ইলেকট্রন দ্বারা পূর্ণ থাকে। তাই স্বাতান্ত্রিকভাবে He এর অবস্থান পর্যায় সারণিতে দ্বিতীয় গ্রুপে মৃৎক্ষার ধাতুদের সাথে হওয়া উচিত। He এর সর্বশেষ কক্ষপথ ইলেকট্রন দ্বারা পূর্ণ থাকায় এ মৌলটি গ্রুপ-II এর মৌলসমূহের মতো সক্রিয়তা এবং ধাতব বৈশিষ্ট্য প্রদর্শন করে না। প্রথম পর্যায়ের মৌল হিলিয়ামের ক্ষেত্রে অন্য কোনো অরবিটাল না থাকায় এবং s অরবিটাল ইলেকট্রন দ্বারা পূর্ণ থাকায় অন্য কোনো মৌলের সাথে যুক্ত হতে পারে না। অর্থাৎ ইলেকট্রন আদান-প্রদান বা শেয়ারের মাধ্যমে হিলিয়াম মৌল ঘোগ গঠন করতে পারে না। তাই নিষ্ক্রিয় গ্যাসের মৌলের সাথে বৈশিষ্ট্য মিল থাকায় He কে গ্রুপ 18 তে রাখা হয়।

গ উদ্বীপকের B ও C মৌল দুটি হলো Mg ও Cl । মৌলদ্বয় আয়নিক বন্ধনের মাধ্যমে MgCl_2 ঘোগ গঠন করে। নিচে ডায়াগ্রাম অঙ্কন করে ঘোগটির বন্ধন গঠন প্রক্রিয়া বর্ণনা করা হলো-

Mg ও Cl মৌল দুটির ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ-





অর্থাৎ ম্যাগনেশিয়ামের সর্ববহিঃস্থ স্তরে 2টি এবং ক্লোরিন পরমাণুর বহিঃস্থ স্তরে 7টি ইলেকট্রন বিদ্যমান। রাসায়নিক বিক্রিয়ায় সময় Mg পরমাণু তার সর্ববহিঃস্থ স্তরের 2টি ইলেকট্রন Cl পরমাণুকে দান করে অঞ্চল পূর্ণ করে এবং নিষ্ক্রিয় গ্যাস নিয়ন্ত্রে 2টি ইলেকট্রন বিন্যাস অর্জন করে এবং Mg^{2+} আয়নে পরিণত হয়। অন্যদিকে 2টি Cl পরমাণুর প্রত্যেকে 1টি করে Mg প্রদত্ত ইলেকট্রন গ্রহণ করে অঞ্চক পূর্ণ করে নিষ্ক্রিয় গ্যাস আর্গনের (Ar) ইলেকট্রন বিন্যাস অর্জন করে এবং Cl^- আয়নে পরিণত করে। এখন বিপরীতধর্মী ধনাত্মক Mg^{2+} আয়ন এবং দুটি ঋণাত্মক Cl^- আয়ন স্থির বৈদ্যুতিক আকর্ষণের দ্বারা আবন্ধ হয়ে MgCl_2 আয়নিক ঘোগ গঠন করে।




চিত্র : MgCl_2 এর অণু গঠন

ঘ উদ্বীপকের A ও C মৌল দুটি দ্বারা গঠিত ঘোগ BCl_3 এবং B ও C মৌল দুটি দ্বারা গঠিত ঘোগ MgCl_2 ।

BCl_3 ঘোগের B ও Cl উভয়ই অধাতু হওয়ায় এদের মধ্যে ঘোগ গঠনকালে সময়োজী বন্ধন তৈরি করে। মৌল দুটির ইলেকট্রন বিন্যাস হলো-




ইলেকট্রন বিন্যাস হতে দেখা যায়, B ও Cl মৌল দুটির সর্বশেষ শক্তিস্তরে যথাক্রমে ৩টি ও ১টি অযুগ্ম ইলেকট্রন রয়েছে। B মৌলের সর্বশেষ শক্তিস্তরে ৩টি অযুগ্ম ইলেকট্রন থাকায় একটি B পরমাণুর ৩টি অযুগ্ম ইলেকট্রন ৩টি Cl পরমাণুর ৩টি অযুগ্ম ইলেকট্রনের সাথে শেয়ার করে ৩টি সমযোজী বন্ধন গঠনের মাধ্যমে BCl_3 যৌগ সৃষ্টি করে।



এখানে, BCl_3 যৌগে B মৌলের সর্বশেষ শক্তিস্তরে ৬টি ইলেকট্রন বিদ্যমান। অর্থাৎ BCl_3 যৌগের কেন্দ্রীয় পরমাণু B এর সর্বশেষ শক্তিস্তরে ৬টি ইলেকট্রন থাকায় তা অফটক নিয়ম অনুসরণ করে না।

অন্যদিকে MgCl_2 যৌগের Mg ও Cl মৌল দুটি বিপরীতধর্মী আয়নের হওয়ায় স্থির বৈদ্যুতিক আকর্ষণের দ্বারা আবন্ধ হয়ে আয়নিক যৌগ গঠন করে। Mg ও Cl মৌল দুটির ইলেকট্রন বিন্যাস হলো-



ইলেকট্রন বিন্যাস হতে দেখা যায়, Mg ও Cl মৌল দুটির সর্বশেষ শক্তিস্তরে যথাক্রমে ২টি ও ৮টি ইলেকট্রন বিদ্যমান। রাসায়নিক বিক্রিয়াকালে Mg পরমাণু তার সর্বশেষ শক্তিস্তরের ২টি ইলেকট্রন Cl পরমাণুকে দান করে অফটক পূর্ণ করে এবং নিকটস্থ নিষ্ক্রিয় গ্যাস নিয়মের ইলেকট্রন বিন্যাস অর্জন করে Mg^{2+} আয়নে পরিণত হয়। অন্যদিকে Mg কর্তৃক প্রদত্ত ইলেকট্রন দুটি Cl পরমাণুর ২টির প্রত্যেকটিতে ১টি করে গ্রহণ করে অফটক পূর্ণ করে নিকটস্থ নিষ্ক্রিয় গ্যাস আর্গানের ইলেকট্রন বিন্যাস অর্জন করে Cl^- আয়নে পরিণত হয়। অর্থাৎ MgCl_2 যৌগ গঠনকালে উভয় পরমাণু অফটক পূরণ করে। সুতরাং BCl_3 যৌগ অফটক নিয়ম না মানলেও MgCl_2 যৌগ অফটক নিয়ম মেনে চলে।

প্রশ্ন ► ০৮ কয়েকটি পরিষ্কারক সামগ্রী হলো-

(i) সাবান (ii) ব্লিং পাউডার (iii) ডিটারজেন্ট


- ক. প্রতিস্থাপন বিক্রিয়া কাকে বলে?
- খ. নাইলন ঘনীভবন পলিমার কেন? ব্যাখ্যা কর।
- গ. (ii) নং যৌগের পরিষ্কারকরণের কৌশল বর্ণনা কর।
- ঘ. (i) নং অপেক্ষা (iii) নং যৌগ উত্তম পরিষ্কারক-বিশ্লেষণ কর।

[অধ্যয় ১২ এর আলোকে]

৮নং প্রশ্নের উত্তর

ক যে বিক্রিয়ায় অধিক সক্রিয় মৌল বা যৌগমূলক অপর কোনো কম সক্রিয় মৌল বা যৌগমূলকে প্রতিস্থাপন করে নতুন যৌগ উৎপন্ন করে তাকে প্রতিস্থাপন বিক্রিয়া বলা হয়।



খ যে প্রক্রিয়ায় একাধিক বিক্রিয়কের অসংখ্য অণু যুক্ত হয়ে পলিমার গঠনের সময় পানি, কার্বন ডাইঅক্সাইডের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র অণু মুক্ত হয় তাকে ঘনীভবন পলিমারকরণ বলে। উচ্চ তাপ, উচ্চ চাপে প্রভাবকের উপস্থিতিতে অসংখ্য ডাইকার্ভিলিক এসিড এবং ডাইঅ্যামিন অণু পরস্পরের সাথে যুক্ত হয়ে নাইলন উৎপন্ন করে। নাইলন পলিমার প্রস্তুতির সময় একাধিক পানির অণু অপসারিত হয়। এ কারণে নাইলন তৈরি একটি ঘনীভবন বিক্রিয়া।



গ উদ্দীপকের (ii) নং যৌগটি হলো ব্লিং পাউডার।

ব্লিং পাউডার এর রাসায়নিক নাম ক্যালসিয়াম ক্লোরো হাইপোক্লোরাইট, $\text{Ca}(\text{OCl})\text{Cl}$ । বলপেন এর কালি বা অন্য কোনো রং যেগুলো সাবান এবং ডিটারজেন্ট দিয়ে তোলা যায় না সেগুলোকে কাপড় থেকে উঠানের জন্য তথা বর্ধনী করার জন্য ব্লিং পাউডার ব্যবহার করা হয়। এছাড়া মেবে, কমোড, বেসিন ইত্যাদি জায়গা থেকে জীবাণু ধ্বংস করার কাজেও ব্লিং পাউডার ব্যবহার করা হয়।

নিচে ব্লিং পাউডারের পরিষ্কারকরণের কৌশল বর্ণনা করা হলো: ব্লিং পাউডার পানির সাথে বিক্রিয়ায় হাইপোক্লোরাস এসিড (HClO) উৎপন্ন করে। হাইপোক্লোরাস এসিড তাৎক্ষণিক বিয়োজিত হয়ে জায়মান অক্সিজেন উৎপন্ন করে।




রঙিন পদার্থের সাথে জায়মান অক্সিজেন বিক্রিয়া করে রঙিন পদার্থকে বর্ণন করে।

রঙিন পদার্থ + [O] —> বর্ণন পদার্থ।

এভাবে, ব্লিং পাউডার ময়লা পরিষ্কার করে।

ঘ উদ্দীপকের (i) ও (iii) নং হলো যথাক্রমে লাত্তি সাবান ও ডিটারজেন্ট। সাবান অপেক্ষা ডিটারজেন্ট উত্তম পরিষ্কারক। নিচে বিষয়টি বিশ্লেষণ করা হলো:


সাবান ও ডিটারজেন্টের দুটি অংশ রয়েছে, একটি অপোলার এবং অপরটি পোলার। অপোলার অংশকে লেজ (Tail) এবং পোলার অংশকে মাথা (Head) বলা হয়।



সাবান বা ডিটারজেন্টের পোলার প্রান্ত পানিতে মিশে থাকে আর অপোলার প্রান্ত পানি বিকর্ষী হওয়ায় পানির উপরিভাগে ভেসে থাকে। কোনো ময়লার সংস্পর্শে (তেল, গ্রিজ) সাবান বা ডিটারজেন্ট কণা আসলে এদের লেজগুলো ময়লার মধ্যে প্রবিষ্ট হয় আবার তাদের মাথা পানিতে অবস্থান করে। লেজ এবং মাথার বিপরীতমুখী আচরণের কারণে ময়লার দাগগুলো ইমালসনে পরিণত হয়ে লেগে থাকা পৃষ্ঠাতল হতে আলাদা হয়ে পড়ে। এভাবেই সাবান বা ডিটারজেন্ট ময়লা পরিষ্কারক করে।

কিন্তু সাবান ও ডিটারজেন্টের মধ্যে সাবান অপেক্ষা ডিটারজেন্ট উত্তম পরিষ্কারক। কারণ-

i. খরপানিতেও ডিটারজেন্ট সমান কার্যকরী যেখানে খর পানিতে সাবানের পরিষ্কারকরণ কৌশল বাধাপ্রাপ্ত হয়। খর পানিতে সাবান Ca^{2+} ও Mg^{2+} আয়নের সাথে বিক্রিয়া করে ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়ামের কার্বক্সিলেটের তলানি তৈরি করে, যা ফেনা তৈরিতে বাধা তৈরি করে ফলে সাবানের অপচয় ঘটে।



$\text{Mg}^{2+} + 2\text{C}_{17}\text{H}_{35}\text{COONa} \longrightarrow (\text{C}_{17}\text{H}_{35}\text{COO})_2\text{Mg} \downarrow + 2\text{Na}^+$
কিন্তু ডিটারজেন্ট সাবানের ন্যায় অনুরূপ ক্রিয়া না করায় ডিটারজেন্টের কোনো অপচয় ঘটে না। তাই খর পানিতে সাবান অপেক্ষা ডিটারজেন্ট উত্তম পরিষ্কারক।

ii. ঠান্ডা পানিতে ডিটারজেন্ট অপেক্ষা সাবান কম কার্যকরিতা প্রদর্শন করে। অর্থাৎ সাবানের চেয়ে ডিটারজেন্ট উত্তম পরিষ্কারক।

ମଡେଲ ଟେସ୍ଟ- ୦୨

ବତ୍ତନିର୍ବାଚନି ଅଭିକ୍ଷା

୧	L	୨	M	୩	L	୪	N	୫	N	୬	M	୭	K	୮	K	୯	N	୧୦	K	୧୧	M	୧୨	N	୧୩	L
୧୪	N	୧୫	L	୧୬	K	୧୭	M	୧୮	K	୧୯	N	୨୦	N	୨୧	K	୨୨	L	୨୩	L	୨୪	K	୨୫	K		

ସ୍ଵଜନଶୀଳ

ପ୍ରୟୋଗ ୦୧ $\text{CH}_3 - \text{COOH} + \text{NaOH} \rightarrow \text{X}' + \text{H}_2\text{O}$.

(A)


- କ. ସମଗୋତ୍ରୀୟ ଶ୍ରେଣି କାକେ ବଲେ? ୧
 ଖ. ଡିକାର୍ବଞ୍ଜିଲେଶନ ବିକ୍ରିଆ କି? ଉଦାହରଣ ଦାଓ । ୨
 ଗ. ଉଦ୍ଦୀପକେର "A" ଯୌଗଟିର ଅନୁଧର୍ମ ବ୍ୟାଖ୍ୟା କର । ୩
 ଘ. ଉଦ୍ଦୀପକେର 'X' ଯୌଗ ଥେକେ ଉତ୍ପନ୍ନ ଅୟାଲକେନେର ଦହନ ବିକ୍ରିଆ ବ୍ୟାଖ୍ୟା କର । ୪

[ଅଧ୍ୟାୟ ୯ ଓ ୧୨ ଏର ସମସ୍ୟାଏ]

୧୨ ପ୍ରୟୋଗର ଉତ୍ତର

କ ସେବ ମୌଗେର କାର୍ଯ୍ୟକୀ ମୂଳକ ଏକି ହେଉଥାଯାଇ ତାଦେର ଭୋତ ଓ ରସାୟନିକ ଧର୍ମର ଗଭୀର ମିଳ ଥାକେ ତାଦେରକେ ସମଗୋତ୍ରୀୟ ଶ୍ରେଣି ବଲେ ।

ଖ ଯେ ବିକ୍ରିଆ କ୍ୟାଲ୍‌ସିଯାମ ଅକ୍ରାଇଡେର ଉପର୍ଦ୍ଵିତିତିତେ ସୋଡ଼ିଆମ ଇଥାନଯେଟକେ ସୋଡ଼ିଆମ ହାଇଡ୍ରୋକ୍ଲାଇଡ ଏର ସାଥେ ଉତ୍ପନ୍ତ କରିଲେ ମିଥେନ ଏବଂ ସୋଡ଼ିଆମ କରିବେଟ ଉତ୍ପନ୍ନ ହୁଏ, ତାକେ ଡିକାର୍ବଞ୍ଜିଲେଶନ ବିକ୍ରିଆ ବଲେ ।



ସୋଡ଼ିଆମ ଇଥାନଯେଟ ସୋଡ଼ିଆମ ମିଥେନ ସୋଡ଼ିଆମ କରିବେଟ ହାଇଡ୍ରୋକ୍ଲାଇଡ

ଗ ଉଦ୍ଦୀପକେର A ଯୌଗଟି ହେଲେ CH_3COOH ।

CH_3COOH ଏକଟି ଏସିଡ କାରଣ-

- i. CH_3COOH ଜଳୀଯ ଦ୍ରବ୍ୟେ CH_3COO^- ଏବଂ H^+ ଦେଇ ।
 ସେମନ- $\text{CH}_3\text{COOH} \rightleftharpoons \text{CH}_3\text{COO}^- + \text{H}^+$
 ii. ଏଟି କ୍ଷାର ବା କ୍ଷାରକେ ସାଥେ ବିକ୍ରିଆ କରେ ଲବଣ ଓ ପାନି ତୈରି କରେ । ସେମନ- $\text{CH}_3\text{COOH} + \text{NaOH} \rightarrow \text{CH}_3\text{COONa} + \text{H}_2\text{O}$.
 iii. ଏଟି ନୀଳ ଲିଟମାସକେ ଲାଲ କରେ ।


ଅତେବେ ଉପରିଉକ୍ତ ଆଲୋଚନା ଥେକେ ବୋଲା ଯାଏ, CH_3COOH ଏକଟି ଏସିଡ ।

ଘ ଉଦ୍ଦୀପକେର ବିକ୍ରିଆଟି ସମ୍ପନ୍ନ କରେ ପାଇ,




(A) (X)

ଅର୍ଥାତ୍ X ଯୌଗଟି ହେଲେ CH_3COONa (ସୋଡ଼ିଆମ ଇଥାନଯେଟ) । ସୋଡ଼ିଆମ ଇଥାନଯେଟକେ ସୋଡ଼ାଲାଇମେର ଉପର୍ଦ୍ଵିତିତେ ବିକ୍ରିଆ ଘଟାଇଲେ ଅୟାଲକେନ ସମଗୋତ୍ରୀୟ ଶ୍ରେଣିର ଯୌଗ ମିଥେନ (CH_4) ଉତ୍ପନ୍ନ ହୁଏ । ସେମନ-




CH_4 ବ୍ୟାବୁର ଅକ୍ସିଜେନେର ସାଥେ ଦହନ ବିକ୍ରିଆ ମଧ୍ୟମେ $\text{CO}_2(g)$ ଜଳୀଯବାକ୍ଷ୍ପ (H₂O) ଏବଂ ତାପଶକ୍ତି ଉତ୍ପନ୍ନ କରେ । ସେମନ-



ପ୍ରୟୋଗ ୦୨ ଦୃଶ୍ୟକର୍ତ୍ତା-୧ : 'X' ଯୌଗର 24.5g କେ ବିଶେଷ କରିଲେ 0.5g ହାଇଡ୍ରୋଜେନ, 8g ସାଲଫାର ଓ 16g ଅକ୍ସିଜେନ ପାଓଯା ଯାଏ ।

ଦୃଶ୍ୟକର୍ତ୍ତା-୨ :



କ. ଅପରିଶୋଧିତ ତେଲ କାକେ ବଲେ?

୧

ଖ. ସାଧାରଣତ Na^{2+} ଆୟନ ଗଠନ ଅସମ୍ଭବ- ବ୍ୟାଖ୍ୟା କର ।

୨

ଗ. ଉଦ୍ଦୀପକେର 'X' ଏର ସ୍ଥୂଲ ସଂକେତ ନିର୍ଣ୍ଣୟ କର ।

୩

ଘ. 0.2 mole 'X' ଉଦ୍ଦୀପକେର ପାତ୍ରେ ଦ୍ରବ୍ୟେ ଯୋଗ କରିଲେ କୋନାଟି ଲିମିଟିଂ ବିକ୍ରିଯକ ହବେ? ଗାଣିତିକଭାବେ ବିଶେଷ କର ।

୪

[ଅଧ୍ୟାୟ ୬ ଏର ଆଲୋକେ]

୧୨ ପ୍ରୟୋଗର ଉତ୍ତର

କ ଯେ ପେଟ୍ରୋଲିୟାମ ଖଣ ହତେ ସରାସରି ପାଓୟା ଯାଏ ତାକେ ଅପରିଶୋଧିତ ତେଲ ବା ପେଟ୍ରୋଲିୟାମ ବଲେ ।

ଘ ସାଧାରଣତ Na^{2+} ଆୟନ ଗଠନ ଅସମ୍ଭବ । କେମନା ପ୍ରତିଟି ପରମାଣୁକୁ e^- ଗ୍ରହଣ, ବର୍ଜନ ବା ଶେଯାରେ ମାଧ୍ୟମେ ତାର ନିକଟବର୍ତୀ ନିଷ୍କର୍ଷ ଗ୍ୟାସେର ଗଠନ ବିନ୍ୟାସ ଅର୍ଜନ କରେ । ଅନୁରୂପଭାବେ Na ପରମାଣୁ ତାର ସର୍ବଶେଷ ଶକ୍ତିସତରେ ଏକଟି e^- ତ୍ୟାଗ କରେ ନିଷ୍କର୍ଷ ଗ୍ୟାସ Ne ଏର ଗଠନ ବିନ୍ୟାସ ଲାଭ କରେ Na^+ ତୈରି କରେ । ଅନୁରୂପେ Na^+ କ୍ୟାଟାଯନ ହତେ ଆରୋ ଏକଟି e^- ସରିଯେ ନିତେ ଅନେକ ବେଶ ଶକ୍ତିର ପ୍ରୟୋଜନ ହୁଏ, ଯା ସାଧାରଣ ଅବସ୍ଥାଯା କୋନୋ ରସାୟନିକ ବିକ୍ରିଆ ହତେ ପାଓୟା ଯାଏ ନା । ତାଇ Na^+ ଆୟନ ଗଠନ ସମ୍ଭବ ହଲେ ଓ Na^2 ଆୟନ ଗଠନ ଅସମ୍ଭବ ।

ଗ ଉଦ୍ଦୀପକେର 'X' ଯୌଗେ 24.5g କେ ବିଶେଷ କରେ 0.5g ହାଇଡ୍ରୋଜେନ, 8g ସାଲଫାର ଓ 16g ଅକ୍ସିଜେନ ପାଓୟା ଯାଏ ।

$$\text{ସୁତରାଂ 'X' ଯୌଗେ ହାଇଡ୍ରୋଜେନେର ସଂୟୁତି} = \frac{0.5}{24.5} \times 100 = 2.04\%$$

$$\text{"} \quad \text{"} \quad \text{ସାଲଫାରେ ସଂୟୁତି} = \frac{8}{24.5} \times 100 = 32.65\%$$

$$\text{ଏବଂ 'X' ଯୌଗେ ଅକ୍ସିଜେନେର ସଂୟୁତି} = \frac{16}{24.5} \times 100 = 65.30\%$$

ଅର୍ଥାତ୍ 'X' ଯୌଗେ 2.04% ହାଇଡ୍ରୋଜେନ, 32.65% ସାଲଫାର ଓ 65.30% ଅକ୍ସିଜେନ ବିଦ୍ୟମାନ ।

ଏଥିନେ, ମୋଲସମ୍ବହର ଶତକରା ସଂୟୁତିକେ ତାଦେର ପାରମାଣବିକ ଭର ଦାରା ଭାଗ କରେ ପାଇ,

$$H = \frac{2.04}{1} = 2.04$$

$$S = \frac{32.65}{32} = 1.02$$

$$O = \frac{65.30}{16} = 4.08$$

ଏତାବେ ପ୍ରାପ୍ତ ଭାଗଫଳଗୁଲୋର ମଧ୍ୟେ କ୍ଷୁଦ୍ରତମ ଭାଗଫଳ 1.02 ଦାରା ପ୍ରତ୍ୟେକ ଭାଗଫଳକେ ପୁନରାଯା ଭାଗ କରି ।

$$H = \frac{2.04}{1.02} = 2$$

$$S = \frac{1.02}{1.02} = 1$$

$$O = \frac{4.08}{1.02} = 4$$


$\therefore 'X'$ ଯୌଗଟିର ସ୍ଥୂଲ ସଂକେତ = H_2SO_4 .

ଘ H_2SO_4 ଏର 0.2 mole-ଏର ଭର ନିଷ୍କର୍ଷ କରା ଯାଏ ।

H_2SO_4 ଏର 1 mole-ଏର ଭର = $(1 \times 2 + 32 + 16 \times 4)g = 98g$

\therefore ମୋଲେର ଭର = $0.2 \times 98 = 19.6g$

এখন, উদ্দীপকের পাত্রের দ্রবণে $19.6g H_2SO_4$ যোগ করলে সংঘটিত বিক্রিয়াটি নিম্নরূপ হবে-



এখন, $98g H_2SO_4$ -এর সাথে বিক্রিয়া করে $74g Ca(OH)_2$



এরূপ অবস্থায় বিক্রিয়ায় বিক্রিয়ক H_2SO_4 সম্পূর্ণরূপে নিঃশেষ হবে এবং $Ca(OH)_2$ অতিরিক্ত থাকবে।

অর্থাৎ অতিরিক্ত $Ca(OH)_2$ এর পরিমাণ = $(20 - 14.8)g = 5.2g$

অতএব, যিন্তিত দ্রবণের বিক্রিয়ায় H_2SO_4 বিক্রিয়কটি লিমিটিং বিক্রিয়ক হবে।

প্রশ্ন ▶ ০৩ পর্যায় সারণির খড়িতাংশ নিম্নরূপ :

3Li			9F
W	X	Cl	Y
Z			

যেখানে, W, X, Y ও Z প্রচলিত প্রাচীক নথে।

- ক. মেভেলিফের পর্যায় সূচিটি লিখ। ১
 খ. CO_3^{2-} কে যৌগমূলক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের 'W' ও 'Z' মৌলের মধ্যে কোনটি অধিক সক্রিয়? ব্যাখ্যা কর। ৩
 ঘ. W, X, Y মৌলগুলোর আয়নীকরণ শক্তির ক্রম বিশ্লেষণ কর। ৪



[অধ্যায় ৪ এর আলোকে]

৩২. প্রশ্নের উত্তর

ক. মেভেলিফের পর্যায় সূচিটি হলো— মৌলসমূহের ভৌত ও রাসায়নিক ধর্মাবলি তাদের পারমাণবিক সংখ্যা অনুযায়ী পর্যায়ক্রমে আবর্তিত হয়।

খ. একাধিক মৌলের এক বা একাধিক পরমাণু পরস্পরের সাথে যুক্ত হয়ে একটি পরমাণুগুচ্ছ তৈরি করে এবং এটি যদি একটি পরমাণুর ন্যায় আচরণ করে তাহলে তাকে যৌগমূলক বলে। CO_3^{2-} একটি মূলক আয়ন যার ৩টি O পরমাণু ও ১টি C পরমাণু যুক্ত হয়ে ঝণাত্মক আধান্যুক্ত একটি পরমাণুগুচ্ছ তৈরি করেছে। তাই CO_3^{2-} কে যৌগমূলক বলা হয়।

গ. উদ্দীপকের W ও Z মৌল দুটি হলো Na ও K। মৌল দুটির ইলেক্ট্রন বিন্যাস নিম্নরূপ—




Na ও K উভয়ই (i) নং গ্রুপের মৌল। Na এর পর্যায় 3 এবং K এর পর্যায় 4। মৌল দুটির মধ্যে K এর সক্রিয়তা বেশি। কারণ এটির ইলেক্ট্রন বিন্যাস হতে দেখা যায়, সর্ববহিঃস্থ শক্তিস্তরে 1টি ইলেক্ট্রন যা অর্ধপূর্ণ থাকার কারণে বেশি স্থিতিশীলতা অর্জন করে। এছাড়া একই গ্রুপের উপর থেকে নিচে সক্রিয়তা বৃদ্ধি পায়। Na এর সর্ববহিঃস্থ স্তরের ইলেক্ট্রন একটি যা খুব সহজে বন্ধন গঠনে অংশ নেয়। তাই উক্ত দুটি মৌলের মধ্যে K এর সক্রিয়তা বেশি।

ঘ. উদ্দীপকের W, X ও Y মৌল তিনটি হলো Na, Ar ও S। তার পর্যায়ের এ মৌলগুলোর আয়নীকরণ শক্তির ক্রম বিশ্লেষণ করা হলো— আয়নীকরণ শক্তি একটি পর্যায়বৃত্ত ধর্ম। একই পর্যায়ের বাম থেকে ডানে গেলে আয়নীকরণ শক্তি সাধারণত বাড়ে (কয়েকটি ব্যতিক্রম ছাড়া)। কেননা একই পর্যায়ে পারমাণবিক সংখ্যা বৃদ্ধির ফলে

ইলেক্ট্রনের শক্তিস্তর বাড়ে না। ফলে নিউক্লিয়াস থেকে সর্ববহিঃস্থ ইলেক্ট্রনের দূরত্ব না বেড়ে কিছু কমে যায়। এছাড়া নিউক্লিয়াসের চার্জ বৃদ্ধির ফলে সর্ববহিঃস্থ ইলেক্ট্রনটি অধিকতর দৃঢ়ভাবে আকৃষ্ট হয়। অর্থাৎ এটি অপসারণের জন্য অধিকতর শক্তির প্রয়োজন হয়। প্রদত্ত পর্যায় তথা তার পর্যায়ের মৌলগুলোর ক্ষেত্রে বাম থেকে ডানে আয়নীকরণ শক্তির ক্রম বৃদ্ধি পায়।

সুতরাং মৌল তিনটির আয়নীকরণ শক্তির ক্রম হলো— Ar > S > Na.



ক. রাসায়নিক সাম্যাবস্থা কাকে বলে? ১

খ. জারণ সংখ্যা ও যোজনী এক নয়— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের (i) নং বিক্রিয়াটিতে জারণ-বিজারণ যুগপৎ সংঘটিত হয়— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের (ii) নং বিক্রিয়াটি থেকে উৎপাদন সর্বোচ্চ পাওয়ার ক্ষেত্রে লা-শাতেলিয়ে নীতির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪


[অধ্যায় ৭ এর আলোকে]

৪নং প্রশ্নের উত্তর

ক. কোনো উভয়ী বিক্রিয়ার সম্মুখুমুখী বিক্রিয়ার হার পশ্চাত্মুখী বিক্রিয়ার হারের সমান হলে তাকে রাসায়নিক সাম্যাবস্থা বলে।

খ. জারণ সংখ্যা এবং যোজনী একই বিষয় নয়, জারণ সংখ্যা হলো পরমাণু বা আয়নে উপস্থিত চার্জ সংখ্যা (চিহ্নসহ)। এটি ধনাত্মক বা ঋণাত্মক, পূর্ণসংখ্যা, শূন্য এমনকি ভগ্নাংশও হতে পারে। শুধু তাই নয়, একই মৌলের জারণ সংখ্যা বিভিন্ন যৌগে বিভিন্ন হতে দেখা যায়। অন্যদিকে যোজনী হলো একটি মৌল অন্য মৌলের সাথে যুক্ত হওয়ার সামর্থ্য। যোজনী ধনাত্মক বা ঋণাত্মক হয় না, এটি সর্বদাই পূর্ণসংখ্যা হয়। শুধু নিষ্ক্রিয় গ্যাসের যোজনী শূন্য হয়।

গ. উদ্দীপকের (i) নং বিক্রিয়াটি নিম্নরূপ-




উপরিউক্ত বিক্রিয়াটিতে জারণ-বিজারণ যুগপৎ সংঘটিত হয়- নিম্নে তা ব্যাখ্যা করা হলো-

যে রাসায়নিক বিক্রিয়া ইলেক্ট্রনের আদান-প্রদান ঘটে তাকে রেডুক্শন বিক্রিয়া বলে। জারণ-বিজারণ বিক্রিয়ার যে অংশে জারণ ঘটে তাকে জারণ অর্ধ বিক্রিয়া বলে। এক্ষেত্রে বিজারক পদার্থ ইলেক্ট্রন দান করে। আবার জারণ বিজারণ বিক্রিয়ার যে অংশে বিজারণ ঘটে তাকে বিজারণ অর্ধ বিক্রিয়া বলে। এক্ষেত্রে জারক পদার্থ ইলেক্ট্রন গ্রহণ করে বিজারিত হয়।


উপরিউক্ত বিক্রিয়াটিকে আয়নিত অবস্থায় নিম্নরূপে প্রকাশ করা যায়-

জারণ সংখ্যা বৃদ্ধি



সুতরাং বিক্রিয়ার বিক্রিয়ক $FeCl_3$ এর Fe^{3+} আয়নে জারণ সংখ্যা হ্রাস পেয়ে Fe^{2+} আয়নে পরিণত হয়েছে। অর্থাৎ আয়নের বিজারণ ঘটেছে। আবার H_2S এর S^{2-} আয়নে জারণ সংখ্যা বৃদ্ধি পেয়ে S পরমাণুতে পরিণত হয়েছে। অর্থাৎ সালফারের জারণ ঘটেছে।

সুতরাং, জারণ অর্ধ বিক্রিয়া : $S^{2-} - 2e^- \longrightarrow S$



এখনে (i) নং বিক্রিয়াটিতে ইলেক্ট্রনের স্থানান্তর ঘটেছে। অতএব, বিক্রিয়াটিতে জারণ বিজারণ যুগপৎ সংঘটিত হয়।

বি উদ্বিপক্ষের উল্লিখিত (ii) নং বিক্রিয়ায় সালফার ডাইঅক্সাইড অর্থাজেনের সাথে বিক্রিয়া করে সালফার ট্রাইঅক্সাইড উৎপন্ন করে।

উভয়ুরী বিক্রিয়ার সাম্যাবস্থায় উৎপাদের পরিমাণ লা-শাতেলিয়ারের নীতি দ্বারা নিয়ন্ত্রিত হয়।

উভয়ুরী বিক্রিয়ার সাম্যাবস্থায় বিক্রিয়ার ঘেকোনো একটি নিয়মক (তাপমাত্রা/ চাপ/ বিক্রিয়কের ঘনমাত্রা) পরিবর্তন (হাস/বৃদ্ধি) করলে বিক্রিয়ার সাম্যাবস্থা এমনভাবে পরিবর্তন হয় যেন নিয়মক পরিবর্তনের ফলাফল প্রশংসিত হয়। এটি লা-শাতেলিয়ারের নীতি।

বিক্রিয়াটি হলো : $2\text{SO}_2 + \text{O}_2 \rightleftharpoons 2\text{SO}_3; \Delta H = -197 \text{ kJ/mol}$

এ বিক্রিয়াটি একটি তাপ উৎপাদনী বিক্রিয়া। এ বিক্রিয়ার সাম্যাবস্থায় তাপমাত্রা বৃদ্ধি করলে বিক্রিয়ার সাম্যাবস্থা বাম দিকে অগ্রসর হয়ে বিক্রিয়কের পরিমাণ বৃদ্ধি করবে। একইভাবে, তাপমাত্রা হাস করলে বিক্রিয়ার সাম্যাবস্থা ডান দিকে অগ্রসর হয়ে উৎপাদের পরিমাণ বৃদ্ধি করবে। সুতরাং, যত নিম্ন তাপমাত্রা বিক্রিয়াটিতে চালানো যায়, SO_2 এর উৎপাদন ততই বাঢ়বে। তবে, নিম্ন তাপমাত্রায় বিক্রিয়া খুব ধীরগতিতে অগ্রসর হয় বলে উচ্চ তাপমাত্রার প্রয়োজন। বাস্তবে শিল্পক্ষেত্রে, প্রভাবক যেমন V_2O_5 বা Pt ব্যবহার করা হয়। এ অবস্থায় 460–550°C তাপমাত্রা হলো অত্যানুকূল তাপমাত্রা।

আবার, যে সকল বিক্রিয়ায় গ্যাসীয় অণুর সংখ্যা পরিবর্তন হয় সে সকল বিক্রিয়ার সাম্যাবস্থার উপর চাপের প্রভাব রয়েছে। যেহেতু, বিক্রিয়াটিতে বিক্রিয়ক ও উৎপাদ গ্যাসীয় এবং বিক্রিয়ায় গ্যাসীয় অণুর সংখ্যাহাস পায়। সুতরাং, চাপ প্রয়োগ করলে উৎপাদন বৃদ্ধি পায়।

সুতরাং, এটি স্পষ্ট যে, (ii) নং বিক্রিয়ার উপর তাপ ও চাপ উভয়ের প্রভাব বিদ্যমান।

প্রশ্ন ▶ ০৫ $^{19}_{9}\text{X}$, $^{24}_{12}\text{Y}$, $^{31}_{15}\text{Z}$, $^{65}_{30}\text{M}$

[এখানে X, Y, Z ও M প্রতীকী অর্থে; কোনো মৌলের প্রতীক নয়]

- ক. বন্ধ শিকল হাইড্রোকার্বন কাকে বলে? ১
- খ. মিথেন একটি প্যারাফিন- ব্যাখ্যা কর। ২
- গ. ইলেক্ট্রন বিন্যাস করে পর্যায় সারণিতে M মৌলের অবস্থান নির্ণয় কর। ৩
- ঘ. YX_2 ও ZX_3 মৌগগুলোর মধ্যে একই ধরনের বন্ধন কি না? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪


[অধ্যয় ৪ ও ৫ এর সময়ে]

৫ং প্রশ্নের উত্তর

ক যেসব হাইড্রোকার্বনের কার্বন শিকলের দুই প্রান্তের কার্বন নিজেদের মধ্যে সরাসরি যুক্ত হয়ে অথবা ভিন্ন পরমাণুর মাধ্যমে যুক্ত হয়ে বলয় গঠন করে, সেসব যোগকে বন্ধ শিকল হাইড্রোকার্বন বলে।

খ প্যারাফিন শব্দের অর্থ নিষ্ক্রিয় বা আকর্ষণ নেই। মিথেনের কার্বন হাইড্রোজেন বন্ধনসমূহ অত্যন্ত শক্তিশালী হওয়ায় সাধারণত এরা নিষ্ক্রিয় হয়। ফলে এরা তৈরি এসিড, ক্ষারক ও জারক বা বিজ্ঞারক পদার্থের সাথে বিক্রিয়া করে না অর্থাৎ নিষ্ক্রিয় থাকে। তাই মিথেন একটি প্যারাফিন।

গ M মৌলের পারমাণবিক সংখ্যা 30। সুতরাং মৌলটিতে Zn । Zn এর ইলেক্ট্রন বিন্যাস নিম্নরূপ :




Zn এর ইলেক্ট্রন বিন্যাসে সর্ববহিঃস্থ স্তর 4। সুতরাং এর পর্যায় 4।

অপরাদিকে এর সর্বশেষ ইলেক্ট্রন d অরবিটালে প্রবেশ করে। সুতরাং এর গ্রুপ হবে $(n-1)d$ ও ns অরবিটালের মোট ইলেক্ট্রনের যোগফল।

অর্থাৎ Zn এর গ্রুপ $(10+2)=12$ ।

ঘ উদ্বিপক্ষের X, Y ও Z মৌলের পারমাণবিক সংখ্যা যথাক্রমে 9, 12 ও 15। সুতরাং মৌলসমূহ হলো F, Mg ও P।

নিচে Mg ও F দ্বারা গঠিত যোগ MgF_2 এর বন্ধন গঠন ডায়াগ্রামের সাহায্যে ব্যাখ্যা করা হলো :



অর্থাৎ ম্যাগনেসিয়াম সর্ববহিঃস্থ স্তরে 2টি ইলেক্ট্রন বিদ্যমান।






আবার, F পরমাণুর ইলেক্ট্রন বিন্যাস, {}_9\text{F} \rightarrow 2, 7

অর্থাৎ ফ্লোরিন পরমাণুর বহিঃস্থ স্তরে 7টি ইলেক্ট্রন বিদ্যমান।



রাসায়নিক বিক্রিয়ার সময় Mg পরমাণু তার সর্ববহিঃস্থ স্তরের 2টি ইলেক্ট্রন F পরমাণুকে দান করে অফটক পূর্ণ করে এবং নিকটস্থ নিষ্ক্রিয় গ্যাস নিয়ন্ত্রে (Ne) ইলেক্ট্রন বিন্যাস ({}_{10}\text{Ne} \rightarrow 2, 8) অর্জন করে Mg^{2+} আয়নে পরিণত হয়।

অন্যদিকে, Mg কর্তৃক প্রদত্ত ইলেক্ট্রনদ্বয় 2টি F পরমাণুর প্রত্যেকে 1টি করে গ্রহণ করে অফটক পূর্ণ করে নিকটস্থ নিষ্ক্রিয় গ্যাস নিয়ন্ত্রে (Ne) ইলেক্ট্রন বিন্যাস (2, 8) অর্জন করে F⁻ আয়নে পরিণত হয়।

ফলে বিপরীতধর্মী ধনাত্মক Mg^{2+} আয়ন এবং দুটি ঋণাত্মক F⁻ আয়ন স্থির বৈদ্যুতিক আকর্ষণের দ্বারা আবদ্ধ হয়ে MgF_2 আয়নিক যোগ গঠন করে।



অপরাদিকে, Z ও X মৌলের ইলেক্ট্রন বিন্যাস নিম্নরূপ :




দেখা যাচ্ছে যে, Z ও X মৌলের পারমাণবিক সংখ্যা 15 ও 9; যা যথাক্রমে ফসফরাস (P) ও ফ্লোরিন (F) মৌলের।

সুতরাং, ZX_3 যোগ হলো PF_3 । নিচে PF_3 অণুর বন্ধন গঠন প্রক্রিয়া ব্যাখ্যা করা হলো :

ইলেক্ট্রন বিন্যাস থেকে দেখা যাচ্ছে যে, P এর সর্ববহিঃস্থ স্তরে 3টি বিজোড় ইলেক্ট্রন রয়েছে। অন্যদিকে F এর সর্ববহিঃস্থ স্তরে 1টি বিজোড় ইলেক্ট্রন আছে। এখন, একটি ফসফরাস পরমাণু 3টি ফ্লোরিন পরমাণুর সাথে 1টি করে ইলেক্ট্রন শেয়ারের মাধ্যমে যোগ গঠন করলে দেখা যায় উভয়ের সর্বশেষ কক্ষপথে 4টি ইলেক্ট্রন অর্জিত

হয়ে নিকটস্থ নিষ্ক্রিয় গ্যাস নিয়ন্ত্রণের কাঠামো অর্জন করে। অর্থাৎ সময়োজী বন্ধনের মাধ্যমে ইলেক্ট্রন শেয়ার করে এভাবে PF_3 অণু গঠিত হয়। নিচে PF_3 অণুর গঠন ডায়াগ্রাম দেখানো হলো :



চিত্র : PF_3 অণুর গঠন

প্রশ্ন ▶ ০৬ এসিড বৃষ্টির বিক্রিয়াগুলো নিম্নরূপ :


- (i) $\text{A} + \text{H}_2\text{O} \longrightarrow \text{H}_2\text{CO}_3$
 (ii) $\text{B} + \text{H}_2\text{O} \longrightarrow \text{H}_2\text{SO}_3$
- ক. তাপোৎপাদী বিক্রিয়া কাকে বলে ? ১
 খ. “ NaOH একটি তীব্র তড়িৎবিশেষ্য” – ব্যাখ্যা কর। ২
 গ. B যোগ থেকে কীভাবে নিরুদক এসিড তৈরি করা যায় ? ৩
 সৰীকরণসহ লেখ।
 ঘ. A ও B গ্যাসের ব্যাপন হারের তুলনা কর। ৪

[অধ্যায় ১০ ও ১২ এর সমন্বয়ে]

৬নং প্রশ্নের উত্তর

ক যে রাসায়নিক বিক্রিয়া স্বতঃস্ফূর্তভাবে সংঘটিত হয় এবং বিক্রিয়ার ফলে তাপ উৎপন্ন হয় তাকে তাপোৎপাদী বিক্রিয়া বলে।

খ যেসব পদার্থ দ্রবণে বা গলিত অবস্থায় সম্পূর্ণরূপে বিয়োজিত হয়ে আয়নে পরিণত হয় এবং তড়িৎ পরিবহন করে তাদেরকে তীব্র তড়িৎবিশেষ্য বলে। NaOH একটি তীব্র ক্ষার যা দ্রবণে বা গলিত অবস্থায় নিম্নরূপে সম্পূর্ণভাবে আয়নিত হয়।




যেহেতু NaOH দ্রবণে বা গলিত অবস্থায় সম্পূর্ণরূপে আয়নিত হয়, কাজেই NaOH একটি তীব্র তড়িৎবিশেষ্য পদার্থ।


গ উদ্দীপকের (ii) নং বিক্রিয়াটি সম্পূর্ণ করে পাই,

$\text{SO}_2 + \text{H}_2\text{O} \longrightarrow \text{H}_2\text{SO}_3$; এখানে, B যোগটি হলো SO_2 । SO_2 হতে নিরুদক এসিড H_2SO_4 উৎপাদন সম্ভব। নিচে সৰীকরণসহ বিষয়টি বর্ণনা করা হলো :


স্পর্শ চেয়ারে SO_2 কে $400 - 450^\circ\text{C}$ তাপমাত্রায় Pt চূর্ণ বা V_2O_5 প্রভাবকের উপস্থিতিতে অক্সিজেন দ্বারা জারিত করলে SO_3 উৎপন্ন হয়।




SO_3 এর সাথে H_2O যোগ করা হলে H_2SO_4 উৎপন্ন হয়। কিন্তু এ ক্ষেত্রে সমস্যা হলো SO_3 বাতাসের জলীয় বাস্পের সাথে যুক্ত হয়ে H_2SO_4 এর ঘন কুয়াশা সৃষ্টি করে, যা ঘনীভূত করা অত্যন্ত কঠিন।



তাই SO_3 কে 98% H_2SO_4 এ শোষণ করে ধূমায়মান সালফিউরিক এসিড উৎপন্ন করা হয়। একে অলিয়াম বলে।




বিশুদ্ধ H_2SO_4 ঘন তেলাক্ত তরল পদার্থ যা পানিতে সকল অনুপাতে মিশ্রণীয়। H_2SO_4 এ পানি যোগ করলে প্রচুর তাপ সৃষ্টি করে ও বিষ্ফেচারিত হয়। এজন্য ক্রমাগত নাড়ানো অবস্থায় পানিতে ফেঁটায় H_2SO_4 যোগ করে লম্বু করা হয়।



সুতরাং এখানে বর্ণিত আলোচনা হতে বলা যায়, SO_2 হতে একটি নিরুদক এসিড H_2SO_4 তৈরি সম্ভব।

ঘ উদ্দীপকের (i) নং বিক্রিয়াটি সম্পূর্ণ করে পাই,



‘**গ**’ নং প্রশ্নেওর হতে পাই **B** যোগটি SO_2 । CO_2 ও SO_2 গ্যাসদ্বয়ের ব্যাপন হারের তুলনা নিচে বিশ্লেষণ করা হলো :


কোনো মাধ্যমে কঠিন, তরল ও বায়বীয় পদার্থের স্বতঃস্ফূর্ত ও সমানভাবে ছড়িয়ে পড়ার প্রক্রিয়াকে ব্যাপন বলে। ব্যাপন প্রক্রিয়ায় কঠিন, তরল কিংবা বায়বীয় পদার্থ উচ্চ ঘনমাত্রার স্থান থেকে নিম্ন ঘনমাত্রার স্থানের দিকে স্বতঃস্ফূর্তভাবে ছড়িয়ে পড়ে। যেমন – ঘরের এক কোণে কোনো একটি সুগন্ধির শিশির মুখ খুলে রাখলে কিছুক্ষণের মধ্যে সারা ঘরে সুগন্ধ ছড়িয়ে পড়ে। এটি ব্যাপন প্রক্রিয়ার উদাহরণ। কোনো পদার্থ ছড়িয়ে পড়তে সময় কম লাগলে এই পদার্থের ব্যাপন হার বেশি এবং কোনো পদার্থ ছড়িয়ে পড়তে বেশি সময় লাগলে এই পদার্থের ব্যাপন হার কম।

CO_2 এর আণবিক ভর = $12 + (16 \times 2) = 12 + 32 = 44\text{g/mole}$

SO_2 এর আণবিক ভর = $32 + (16 \times 2) = 32 + 32 = 64\text{g/mole}$

আমরা জানি, কোনো গ্যাসের ব্যাপন হার এর আণবিক ভরের বর্গমূলের ব্যস্তানুপাতিক। অর্থাৎ ভারী ভরের পদার্থ ধীরে ব্যাপিত হয় এবং হালকা ভরের পদার্থ দ্রুত ব্যাপিত হয়। এখানে CO_2 এর আণবিক ভর SO_2 এর চেয়ে কম হওয়ায় CO_2 এর ব্যাপন হার SO_2 এর চেয়ে বেশি হবে। অর্থাৎ SO_2 এর ব্যাপন ধীরে ও CO_2 এর ব্যাপন দ্রুত হবে।

প্রশ্ন ▶ ০৭



ক নিঃসরণ কাকে বলে ? ১

খ. রাসায়নিক সাম্যাবস্থা একটি গতিময় অবস্থা – ব্যাখ্যা কর। ২

গ. (i) ও (ii) নং দ্রবণের মিশ্রণে উৎপন্ন লবণের কেন্দ্রীয় পরমাণুর জারণসংখ্যা নির্ণয় কর। ৩

ঘ. (ii) ও (iii) নং দ্রবণে (i) নং দ্রবণ পৃথকভাবে যোগ করলে সংঘটিত বিক্রিয়া একই হবে কি না? সৰীকরণসহ বিশ্লেষণ কর। ৪


[অধ্যায় ৭ এর আলোকে]

৭নং প্রশ্নের উত্তর

ক সুর ছিদ্রপথে কোনো গ্যাসের অণুসমূহের উচ্চচাপ থেকে নিম্নচাপ অঙ্গে বেরিয়ে আসার প্রক্রিয়াকে নিঃসরণ বলে।

খ উভয়মুখী বিক্রিয়ার মাধ্যমে রাসায়নিক সাম্যাবস্থা অর্জিত হয়। বিক্রিয়ার শুরুতে বিক্রিয়ক পদার্থসমূহ বিক্রিয়া করে উৎপাদে পরিণত হয়। একই সাথে উৎপন্ন পদার্থসমূহ বিক্রিয়া করে পুনরায় বিক্রিয়কে পরিণত হয়। একসময় সমুখ বিক্রিয়ার হার ও পশ্চাত্মকী বিক্রিয়ার হার সমান হয়ে যায়। তখন বিক্রিয়টিকে স্থির বলে মনে হয়। কিন্তু এই সাম্যাবস্থায় দুটি বিক্রিয়াই আসলে সমানভাবে চলতে থাকে। সুতরাং বলা যায়, রাসায়নিক সাম্যাবস্থা একটি গতিময় অবস্থা।

গ উদ্দীপকের (i) ও (ii) নং দ্রবণকে মিশ্রিত করলে নিম্নরূপ বিক্রিয়া সংঘটিত হয়।



উৎপন্ন Na_2SO_4 লবণের কেন্দ্রীয় পরমাণু 'S' এর জারণ সংখ্যা নিম্নোক্তভাবে নির্ণয় করা যায়।

ধরি, Na_2SO_4 -এ S-এর জারণ সংখ্যা = x

$$\text{সুতরাং } (+1) \times 2 + x + (-2) \times 4 = 0$$



$$\text{বা, } 2 + x - 8 = 0$$

$$\text{বা, } x - 6 = 0$$

$$\therefore x = +6$$

অতএব, Na_2SO_4 -এর S এর জারণ সংখ্যা = +6।

ঘ উদ্দীপকের (ii) ও (iii) নং দ্রবণে (i) নং দ্রবণ পৃথকভাবে যোগ করলে সংঘটিত বিক্রিয়া একই হবে না। কারণ উক্ত (ii) ও (iii) নং দ্রবণের সাথে (i) নং দ্রবণ পৃথকভাবে যোগ করলে নিম্নোক্ত দুটি বিক্রিয়া সংঘটিত হয়।




আমরা জানি, যেসকল বিক্রিয়ায় উৎপাদের মধ্যে যেকোনো একটি মৌগ পাত্রের তলায় অধঃক্ষেপ হিসেবে জমা হয়, সেসকল বিক্রিয়াকেই অধঃক্ষেপণ বিক্রিয়া বলে। সেই মতে (i) নং বিক্রিয়া একটি অধঃক্ষেপণ বিক্রিয়া, কারণ Fe(OH)_2 স্বজ বর্ণের অধঃক্ষেপ হিসেবে পাত্রের তলায় জমা হয়। এজন্য (i) নং বিক্রিয়া একটি অধঃক্ষেপণ বিক্রিয়া।

আবার এসিড ও ক্ষার পরস্পরের সাথে বিক্রিয়ার মাধ্যমে প্রশমিত হয়ে লবণ ও পানি উৎপন্ন করে, আর এ বিক্রিয়াকে প্রশমন বিক্রিয়া বলে।

সাধারণত প্রশমন বিক্রিয়ায় H^+ ও OH^- আয়নদ্বয় পরস্পরের সাথে যুক্ত হয়ে পানি উৎপন্ন করে। তাই (ii) নং বিক্রিয়া একটি প্রশমন বিক্রিয়া।

আবার (ii) নং বিক্রিয়ার আয়নিক রূপ-



এখানে দেখা যায়, e^- এর কোনো আধান-প্রদান ঘটে নাই। সুতরাং (ii) নং বিক্রিয়া একটি প্রশমন বিক্রিয়া। অতএব, বিক্রিয়া দুইটি ননরেডক্স হলেও একটি প্রশমন ও অপরটি অধঃক্ষেপণ বিক্রিয়া।

তাই বলা যায়, উদ্দীপকের (ii) নং (iii) নং দ্রবণে (i) নং দ্রবণ পৃথকভাবে যোগ করলে সংঘটিত বিক্রিয়া একই হবে না।

প্রশ্ন ▶ ০৮ $\text{CH}_4 + \text{O}_2 \longrightarrow \text{CO}_2(\text{g}) + \text{H}_2\text{O}$;

(A)

ক. তড়িৎবিশেষ্য পরিবাহী কাকে বলে? ১

খ. উন্নত দেশে পেট্রোল এর সাথে ইথানল মিশিয়ে ব্যবহার করা হয় কেন? ২

গ. যদি $\text{C} - \text{H}$, $\text{O} = \text{O}$, $\text{C} = \text{O}$ এবং $\text{H} - \text{O}$ বন্ধন শক্তি

যথাক্রমে 414, 498, 843 এবং 464 kJ/mole হয় তবে উপরের বিক্রিয়ার ΔH এর মান নির্ণয় কর। ৩

ঘ. উৎপাদ 'A' আমাদের জীবজগতের ভারসাম্য রক্ষায় খুব গুরুত্বপূর্ণ। কিন্তু এর অতিরিক্ত উৎপাদন পরিবেশের জন্য ক্ষতিকর-বিশেষণ কর। ৪

[অধ্যায় ৮ এর আলোকে]

৮নং প্রশ্নের উত্তর

ক যে সকল পরিবাহী আয়ন প্রবাহের মাধ্যমে বিদ্যুৎ প্রবাহিত করে তাকে তড়িৎবিশেষ্য পরিবাহী বলে।

খ পেট্রোল একটি জীবাশ্ম জ্বালানি, যার মজুদ সীমিত। অপরদিকে ইথানল একটি জৈব তরল জ্বালানি যার মজুদ/স্টক সীমিত নয়। কারণ (চাল, গম, আলু ও তুষ্টা) থেকে গাজন প্রক্রিয়ায় এটি প্রস্তুত করা হয়। তাই জীবাশ্ম জ্বালানির উপর চাপ কমানোর জন্য উন্নত দেশে পেট্রোলের সাথে ইথানল মিশিয়ে ব্যবহার করা হয়।

গ দেওয়া আছে,


$$\text{C} - \text{H} \text{ বন্ধন শক্তি} = 414 \text{ kJ/mole}$$

$$\text{O} = \text{O} \text{ বন্ধন শক্তি} = 498 \text{ kJ/mole}$$

$$\text{C} = \text{O} \text{ বন্ধন শক্তি} = 843 \text{ kJ/mole}$$


$$\text{O} - \text{H} \text{ বন্ধন শক্তি} = 464 \text{ kJ/mole}$$

উদ্দীপকের বিক্রিয়াটি-



অর্থাৎ এই বিক্রিয়ায় তাপের পরিবর্তনই মিথেনের দহন তাপ।

বিক্রিয়াটিকে গাঠনিকভাবে নিম্নরূপে লেখা যায়,



বিক্রিয়াটিতে 4 মোল ($\text{C} - \text{H}$) ও 2 মোল ($\text{O} = \text{O}$) বন্ধন ভাঙে। অতএব, পুরাতন বন্ধন ভাঙায় মোট প্রয়োজনীয় শক্তি = $(4 \times 414 + 2 \times 498)$ kJ
 $= 2652$ kJ

আবার, বিক্রিয়াটিতে 2 মোল ($\text{C} = \text{O}$) ও 4 মোল ($\text{O} - \text{H}$) নতুন বন্ধন গঠিত হয়।

সুতরাং নতুন বন্ধন গঠিত হওয়ায় নির্গত মোট শক্তি


$$\begin{aligned} &= (2 \times 843 + 4 \times 464) \text{ kJ} \\ &= 3542 \text{ kJ} \end{aligned}$$

∴ বিক্রিয়ায় তাপের পরিবর্তন, $\Delta H =$ পুরাতন বন্ধন ভাঙায় মোট প্রয়োজনীয় শক্তি – নতুন বন্ধন গঠিত হওয়ায় নির্গত শক্তি
 $= (2652 - 3542) \text{ kJ} = -890 \text{ kJ}$

সুতরাং, উদ্দীপকের বিক্রিয়ার ΔH এর মান = -890 kJ।


ঘ উদ্দীপকের উৎপাদ 'A' হলো কার্বন ডাইঅক্সাইড (CO_2)। CO_2 আমাদের জীবজগতের ভারসাম্য রক্ষায় খুবই গুরুত্বপূর্ণ।

উচিদ সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় $\text{A}/\text{CO}_2(\text{g}), \text{H}_2\text{O}$ এবং সূর্যালোক ব্যবহার করে ক্লোরোফিলের সাহায্যে থুকোজ তথা শর্করা উৎপাদন করে।



উচিদ এই প্রক্রিয়ায় CO_2 গ্রহণ করে ও O_2 ত্যাগ করে। আর সকল প্রাণিকুল সেই O_2 গ্রহণ করে শুসন সম্পন্ন করে বায়ুমণ্ডলে CO_2 ছেড়ে দেয়। এর ফলে জীবজগতের ভারসাম্য বজায় থাকে।

CO_2 গ্যাসকে গ্রিন হাউজ গ্যাস বলা হয়। এর অতিরিক্ত বৃদ্ধিতে এসিড বৃদ্ধির মতো ক্ষতির প্রভাবগুলো পরিলক্ষিত হয়।



এসিড বৃদ্ধি পরিবেশের গাছপালা ও জীবজন্তুর টিকে থাকার জন্য অন্তরায়। আবার গ্রিন হাউজ গ্যাস (CO_2) এর অতিরিক্ত বৃদ্ধিতে বৈশিক উৎপাদনের ফলে মেরু অঞ্চলের বরফ গলে পানিতে পরিণত হয়ে অনাকাঙ্ক্ষিত বন্যার সৃষ্টি করে।

তাই আলোচনা থেকে বলা যায় A অর্থাৎ CO_2 এর অতিরিক্ত উৎপাদন পরিবেশের জন্য ক্ষতিকর।

মডেল টেস্ট- ০৩

বহুনির্বাচনি অভিক্ষা

ক্র.	১	N	২	N	৩	K	৪	N	৫	K	৬	L	৭	L	৮	M	৯	K	১০	L	১১	N	১২	N	১৩	M
ক্র.	১৪	L	১৫	N	১৬	L	১৭	K	১৮	M	১৯	K	২০	N	২১	L	২২	L	২৩	N	২৪	K	২৫	N		

সূজনশীল

প্রশ্ন ১০১ একটি পদার্থের গলনাঙ্গক এবং স্ফুটনাঙ্গক যথাক্রমে 133°C ও 242°C , পদার্থটির আণবিক ভর 60।

- ক. মুক্তজোড় ইলেকট্রন কাকে বলে? ১
- খ. মৌমাছির কামড়ের ক্ষতস্থানে চুন ব্যবহার করা হয় কেন? ২
- গ. উদ্বীপকে উল্লিখিত পদার্থটির তাপীয় ব্রুনের অঞ্জনসহ বর্ণনা করো। ৩
- ঘ. পদার্থটির তাপীয় ব্রুনের প্রথম এবং শেষ বিন্দুতে কণাসমূহের মধ্যকার গতিশক্তির তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

[অধ্যায় ২ এর আলোকে]

১১. প্রশ্নের উত্তর


ক যোগ গঠনের সময় পরমাণুর যোজাতা স্তরের যে ইলেকট্রন জোড় বন্ধন গঠনে অংশগ্রহণ করে না তাকে মুক্তজোড় ইলেকট্রন বলে।

খ মৌমাছি পোকার কামড়ের ক্ষতস্থানে পোকার শরীর থেকে যে বিষ প্রবেশ করে তাতে অল্লায় উপাদান থাকে। মানুষ পোকার কামড়ের জ্বালাযন্ত্রণ নিবারণ করার জন্য ক্ষতস্থানে চুন ব্যবহার করে। কারণ, চুন ক্ষারকধৰ্মী পদার্থ। এটা অল্লায় উপাদানের সাথে প্রশমন বিক্রিয়া করে। তাই মৌমাছি পোকার কামড়ের ক্ষতস্থানে চুন প্রয়োগ করা হয়।

গ উদ্বীপকের পদার্থটির গলনাঙ্গক ও স্ফুটনাঙ্গক যথাক্রমে 133°C ও 242°C এবং আণবিক ভর 60। সুতরাং পদার্থটি হলো ইউরিয়া ($\text{H}_2\text{N}-\text{CO}-\text{NH}_2$)। নিম্নে পদার্থটি অর্থাৎ ইউরিয়ার তাপীয় ব্রুনের অঞ্জনসহ বর্ণনা করা হলো :

এখানে, ইউরিয়া এর গলনাঙ্গক 133°C হওয়ায় 133°C তাপমাত্রার নিচে এটি কঠিন অবস্থায় থাকে। আবার স্ফুটনাঙ্গক 242°C হওয়ায় $133^{\circ} - 242^{\circ}\text{C}$ তাপমাত্রায় এটি তরল এবং 242°C এর উপরের তাপমাত্রায় এটি গ্যাসীয় অবস্থায় থাকে।

যদি 0°C তাপমাত্রা থেকে ইউরিয়া এর তাপীয় ব্রুনের অঞ্জন করা হয়, তা হবে নিম্নরূপ :




চিত্র : ইউরিয়া এর তাপীয় ব্রুনের অঞ্জন

যদি কল্পনা করা হয়, 0°C তাপমাত্রার কিছু পরিমাণ ইউরিয়াকে তাপ দেওয়া হচ্ছে তবে অঞ্জিত ব্রুনের অনুযায়ী, t_1 সময় পর্যন্ত পদার্থটির তাপমাত্রা বৃদ্ধি পেয়ে 0°C থেকে 133°C হয়। এরপর, সাথে সাথেই এর তাপমাত্রা 133°C অতিক্রম করে না। বরং, সুপ্ততাপ গ্রহণ করে

গলতে শুরু করায় তাপমাত্রা স্থির (133°C) থাকে। t_1 থেকে t_2 সময় পর্যন্ত প্রদৰ্শন কঠিন অবস্থায় থাকে তরল অবস্থায় রূপান্তরে ব্যবহৃত হয়। যখন সম্পূর্ণ পদার্থ তরলে পরিণত হয় এরপর t_2 থেকে t_3 সময় পর্যন্ত এর তাপমাত্রা বাড়তে থাকে যা t_3 সময়ে 242°C হয়। এরপর, এটি আবার সুপ্ততাপ সংগ্রহ করে তরল অবস্থা থেকে গ্যাসীয় অবস্থায় পরিণত হতে থাকে। তাই t_3 থেকে t_4 সময় পর্যন্ত তাপমাত্রা স্থির (242°C) থাকে। অতঃপর ইউরিয়া নামক পদার্থটি গ্যাসীয় অবস্থায় রূপান্তরিত হয়ে গেলে এর তাপমাত্রা 242°C অতিক্রম করা শুরু হয় এবং তারপর গ্যাসের তাপমাত্রা বাড়তে থাকে। এখানে, t_1 সময়ে পদার্থটি 133°C তাপমাত্রার কঠিন, t_2 সময়ে 133°C তাপমাত্রার তরল। আবার, t_3 সময়ে পদার্থটি 242°C তাপমাত্রার তরল, t_4 সময়ে 242°C তাপমাত্রায় গ্যাসীয় অবস্থায় থাকে।

ঘ উদ্বীপকের ইউরিয়া নামক পদার্থটির তাপীয় ব্রুনের প্রথম ও শেষবিন্দুতে কণাসমূহের মধ্যকার গতিশক্তির তুলনামূলক আলোচনা নিম্নে বিশ্লেষণ করা হলো :

ইউরিয়ার তাপীয় ব্রুনের অঞ্জন নিম্নরূপ :



চিত্র : ইউরিয়া-এর তাপীয় ব্রুনের অঞ্জন

যেকোনো বস্তু অণু নামক অতি ক্ষুদ্র কণা দ্বারা গঠিত। অণুসমূহের মধ্যবর্তী আকর্ষণকে অন্তঃআণবিক শক্তি বলে। অন্তঃআণবিক শক্তির কারণে অণুসমূহ পরস্পরের সন্নিকটে থাকতে চায়। অপরদিকে অণুসমূহ সর্বদা কম্পনান থাকে। তাপমাত্রা যত বাড়ে কম্পনণ তত বাড়ে।

অন্তঃআণবিক শক্তির তুলনায় গতিশক্তি অনেক কম হলে অণুসমূহ একটি নির্দিষ্ট অবস্থানে বিরাজ করে। এটিই বস্তুর কঠিন অবস্থা অর্থাৎ কঠিন পদার্থের অন্তঃআণবিক শক্তি সবচেয়ে বেশি। কঠিন পদার্থকে তাপ দেওয়া হলে কণাগুলো তাপশক্তি গ্রহণ করে কম্পন শক্তি বৃদ্ধি পেতে থাকে। তাপমাত্রা বাড়তে বাড়তে গলনাঙ্গক তথা 133°C পৌছালে কঠিন পদার্থ গলতে শুরু করে। এই তাপমাত্রায় কঠিন ও তরল উভয় অবস্থাই বিদ্যমান।

যদি আরও বেশি তাপ দেওয়া হয় তাহলে কণাগুলো এত বেশি কাঁপতে থাকে যে আন্তঃকণা আকর্ষণ শক্তি কমে যায় এবং কিছুটা গতিশক্তি প্রাপ্ত হয়। পদার্থের এই অবস্থাকে তরল অবস্থা বলে। তরলের নির্দিষ্ট আয়তন থাকলেও নির্দিষ্ট আকার থাকে না।

তরল অবস্থার পদার্থকে আরো বেশি তাপ দেওয়া হলে কণাগুলো তাপশক্তি নিয়ে গতিশক্তি বৃদ্ধি করতে থাকে এবং একসময় গতিশক্তি এত বেড়ে যায় যে কণাগুলো আন্তঃকণা আকর্ষণ শক্তি থেকে প্রায় মুক্ত হয়ে বিক্ষিপ্তভাবে ছুটতে থাকে। এই অবস্থাকে বলে গ্যাসীয় অবস্থা এবং যে তাপমাত্রায় তরল পদার্থ গ্যাসীয় পদার্থে পরিণত হয় তা হলো স্ফুটনাঙ্ক। এক্ষেত্রে এই তাপমাত্রা হলো 242°C । 242°C এ তরল ও গ্যাসীয় উভয় অবস্থা বিদ্যমান। গ্যাসীয় অবস্থায় পদার্থের আর কোনো নির্দিষ্ট আয়তন থাকে না। গ্যাসীয় অবস্থায় পৌছানোর পর যদি আরও তাপ দেওয়া হয় তখন কণাগুলো আরও জোরে ছুটতে থাকবে এবং গতিশক্তি আরও বেড়ে যাবে। অর্থাৎ গ্যাসীয় অবস্থায় পদার্থের আন্তঃআণবিক শক্তি সবচেয়ে কম।

যেহেতু ইউরিয়ার গলনাঙ্ক 133°C এবং স্ফুটনাঙ্ক 242° । অর্থাৎ 242°C তাপমাত্রার উপরে ইউরিয়া গ্যাসীয় অবস্থায় থাকে এবং এই অবস্থায় আন্তঃআণবিক শক্তি সবচেয়ে কম। অপরদিকে 133°C এর নিচে ইউরিয়া কঠিন অবস্থায় থাকে, কাজেই এই অবস্থায় আন্তঃআণবিক শক্তি বেশি। 133°C ও 242°C এর মধ্যবর্তী তাপমাত্রায় ইউরিয়া তরল অবস্থায় থাকে। আবার, 242°C তাপমাত্রার উপরে ইউরিয়া গ্যাসীয় অবস্থায় থাকে। অর্থাৎ এ অবস্থায় আন্তঃআণবিক শক্তি সবচেয়ে কম থাকে।

প্রশ্ন ▶ ০২

Li						
W	Mg	Al	Si	Z	S	Cl
X						
Y						
Cs						

বিদ্রু : W, X, Y ও Z মৌলের প্রচলিত প্রতীক নয়।



- ক. ইলেক্ট্রন আসক্তি কাকে বলে? ১
 খ. Fe^{2+} ও Fe^{3+} আয়নের মধ্যে কোনটি অধিক সুস্থিত? ব্যাখ্যা কর। ২
 গ. পর্যায় সারণিতে 'Z' মৌলের অবস্থান নির্ণয় কর। ৩
 ঘ. W, X ও Y মৌলগুলো একই রকম ধর্ম প্রদর্শন করে-
 বিক্রিয়াসহ বিশ্লেষণ কর। ৪

[অধ্যয় ৪ এর আলোকে]

২২. প্রশ্নের উত্তর


ক কোনো মৌলের 1 mole চার্জ নিরপেক্ষ গ্যাসীয় বিচ্ছিন্ন পরমাণু 1mole ইলেক্ট্রনের সাথে যুক্ত হয়ে একক খণ্ডাত্মক চার্জযুক্ত গ্যাসীয় আয়ন সৃষ্টি করতে যে পরিমাণ শক্তি নির্গত হয়, তাকে সেই মৌলের ইলেক্ট্রন আসক্তি বলে।

খ Fe এর পারমাণবিক সংখ্যা 26। Fe^{2+} ও Fe^{3+} আয়নের ইলেক্ট্রন বিন্যাস নিম্নরূপ-



সাধারণভাবে দেখো যায় যে, একই উপশক্তিস্তর p ও d এর অবিটালগুলো অর্ধপূর্ণ (p^3 , d^5) বা সম্পূর্ণরূপে পূর্ণ (p^6 , d^{10}) হলে সেই ইলেক্ট্রন বিন্যাস সুস্থিত হয়। তাই Fe^{2+} ও Fe^{3+} আয়নের মধ্যে Fe^{3+} আয়ন অধিক সুস্থিত।

গ উদ্দীপকের Z মৌলটি তৃতীয় পর্যায়ে সালফার (S) এর এক ঘর বামে অবস্থিত। অর্থাৎ Z মৌলটি হলো ফসফরাস (P)। P এর ইলেক্ট্রন বিন্যাস নিম্নরূপ :



পর্যায় সারণিতে অবস্থান : মৌলটির ইলেক্ট্রনসমূহ তিনটি শক্তিস্তরে বিন্যস্ত। তাই মৌলটি পর্যায় সারণির তৃতীয় পর্যায়ের অন্তর্ভুক্ত।

গুপ্ত সংখ্যা নির্ধারণ : মৌলটির সর্ববহিঃস্থ শক্তিস্তরে মোট ইলেক্ট্রন সংখ্যা হলো 5।



$$\therefore \text{মৌলটির গুপ্ত সংখ্যা} = (10 + 5) = 15।$$

অতএব, P মৌলটি পর্যায় সারণিতে তৃতীয় পর্যায়ের 15 নং গুপ্ত অবস্থিত।

ঘ উদ্দীপকের W, X ও Y মৌলগুলো যথাক্রমে Na, K ও Rb। এসব মৌলের অক্সাইডগুলো যথাক্রমে Na_2O , K_2O , Rb_2O । এসব অক্সাইডের প্রকৃতি হতে মৌলগুলোর ধর্ম সম্বন্ধে ধারণা করা যায়। আমরা জানি, ধাতুর অক্সাইডসমূহ সাধারণত ক্ষারধর্মী। পানির সাথে মৌল তিনিটির অক্সাইডের বিক্রিয়াসমূহ নিম্নরূপ :

$\text{Na}_2\text{O} + \text{H}_2\text{O} \rightarrow 2\text{NaOH}$

K_2O ও Rb_2O উভয়ই পানির সাথে বিক্রিয়া করে তৈরি ক্ষার উৎপন্ন করে। কাজেই K_2O ও Rb_2O ক্ষারধর্মী অক্সাইড এবং K ও Rb মৌল উভয় ধাতব প্রকৃতির।




Na, K, Rb মৌল তিনিটি একই গ্রুপের একই গ্রুপের যত নিচে যাওয়া যায় তত এদের ধাতব ধর্ম বৃদ্ধি পায়। সুতরাং Na, K ও Rb মৌল তিনিটি একই রকম ধর্ম প্রদর্শন করে।

প্রশ্ন ▶ ০৩

- (i) C_nH_{2n} (ii) $\text{C}_n\text{H}_{2n+2}$ (iii) $\text{C}_n\text{H}_{2n-2}$

[এখানে, n = 3]



ক. ব্রোঞ্জ কী?

১

খ. চাষাবাদ কিংবা খাদ্যের জন্য আমরা রসায়নের উপর নির্ভর করি- ব্যাখ্যা কর।

২

গ. (iv) নং উদ্দীপকে প্রাপ্ত 'Z' যৌগে মৌলের শতকরা সংযুক্ত নির্ণয় কর।

৩

ঘ. উদ্দীপকের (i), (ii) ও (iii) নং যৌগকে কীভাবে পরীক্ষাগারে শনাক্ত করবে? সমীকরণসহ বিশ্লেষণ কর।

৪

[অধ্যয় ৬ ও ১১ এর সমন্বয়ে]

৩২. প্রশ্নের উত্তর

ক কপার ও টিনের গলনে সৃষ্টি সংকর ধাতুই হলো ব্রোঞ্জ।

ঘ কৃষিজমিতে ফসল উৎপাদন কাঞ্চিত পরিমাণে পাওয়ার জন্য ইউরিয়া, টিএসপি, ডিএপি, এমওপি, জিপসাম, জিঞ্জ সালফেট, মোরিক এসিড ইত্যাদি রাসায়নিক সার ব্যবহার করা হয়। ফসলের পুষ্টি উপাদান নাইট্রোজেনের সরবরাহ ঘাটতি দূর করে ক্লোরোফিল উৎপাদনে ইউরিয়া সার মুখ্য ভূমিকা পালন করে। ফসফেট সমৃদ্ধ টিএসপি ও ডিএপি সার উদ্বিদের কোষ বিভাজনে সহায়তার পাশাপাশি গাছের দৃঢ় গঠন কাঠামো তৈরি করে এবং পোকামাকড় ও রোগ আক্রমণ প্রতিরোধ করে। উদ্বিদের বীজ উৎপাদনে জিপসাম ও মোরিক এসিড সার সাহায্য করে। এছাড়া এমওপি ও জিঞ্জ সালফেট সার উদ্বিদের স্বাভাবিক বৃদ্ধিতে যথেষ্ট প্রভাব বিস্তার করে।

প্রশ্ন ▶ ০৫ স্বাভাবিক বায়ুমণ্ডলীয় চাপে A ও B সিলিন্ডারে যথাক্রমে অ্যামোনিয়া ও কার্বন ডাইঅক্সাইড গ্যাস রাখা আছে।

- | | | |
|----|---|---|
| ক. | আন্তঃআণবিক শক্তি কাকে বলে? | ১ |
| খ. | তাপমাত্রা ও চাপের সাথে গ্যাসের আয়তনের সম্পর্ক কীরূপ তা ব্যাখ্যা কর। | ২ |
| গ. | উদ্দীপকের A ও B উভয় সিলিন্ডারের মুখ একত্রে খুলে দিলে কোনটি দ্রুত ছড়িয়ে পড়বে তা ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. | উল্লিখিত গ্যাস দুটির জলীয় দ্রবণের প্রকৃতি বিশ্লেষণ কর। | ৪ |

[অধ্যায় ২ ও ৯ এর সমন্বয়ে]

৫ং প্রশ্নের উত্তর

ক পদার্থের অণুসমূহের মধ্যকার আকর্ষণ শক্তিকে আন্তঃআণবিক শক্তি বলে।
খ তাপমাত্রা বৃদ্ধি করলে গ্যাসের আয়তন বৃদ্ধি পায়। কারণ এ সময় গ্যাসের অণুসমূহের মধ্যে আন্তঃআণবিক শক্তি খুবই কমে যায়। আবার তাপমাত্রা হ্রাস করলে আন্তঃআণবিক শক্তি বৃদ্ধি পাওয়ায় গ্যাসের আয়তন হ্রাস পায়। অর্থাৎ তাপমাত্রা ও আয়তন পরস্পরের সমানুপাতিক। আবার, চাপ বৃদ্ধি করলে গ্যাসের অণুগুলোর মধ্যবর্তী দূরত্ব কমে যায় তথা আন্তঃআণবিক শক্তি বৃদ্ধি পায়। ফলে আয়তন সংকোচন হয়। অর্থাৎ চাপ ও আয়তন পরস্পরের ব্যস্তানুপাতিক।

গ উদ্দীপকের A ও B সিলিন্ডারের গ্যাসদ্বয় হলো NH_3 ও CO_2 । কোনো গ্যাসের ব্যাপন ও নিঃসরণ হার এর আণবিক ভরের উপর নির্ভর করে। যেসব গ্যাসের আণবিক ভর বেশি তাদের ব্যাপন ও নিঃসরণ হার তত কম। আর যেসব গ্যাসের আণবিক ভর যত কম তাদের ব্যাপন ও নিঃসরণ হার তত বেশি।

$$\text{NH}_3 \text{ এর আণবিক ভর} = 14 + 1 \times 3 = 17$$


$$\text{CO}_2 \text{ এর আণবিক ভর} = 12 + 2 \times 16 = 44$$

যেহেতু NH_3 ও CO_2 এর মধ্যে NH_3 গ্যাসের আণবিক ভর কম, সেহেতু NH_3 গ্যাসের নিঃসরণ হার বেশি। তাই উভয় সিলিন্ডারের মুখ খুলে দিলে NH_3 গ্যাস দ্রুত ছড়িয়ে পড়বে।


ঘ উদ্দীপকের গ্যাস দুটির জলীয় দ্রবণের প্রকৃতি নিচে বিশ্লেষণ করা হলো : NH_3 ক্ষারধর্মী। NH_3 এর জলীয় দ্রবণ লাল লিটমাসকে নীল করে। জলীয় দ্রবণে এটি হাইড্রোক্সাইড আয়ন তৈরি করে।



আবার, ক্ষার ধর্মের কারণে অ্যামোনিয়া গ্যাস ও এর জলীয় দ্রবণ সকল এসিডের সাথে যুক্ত হয়ে অ্যামোনিয়াম লবণ উৎপন্ন করে।



অ্যামোনিয়া হাইড্রোক্লেরিক এসিড অ্যামোনিয়াম ক্লোরাইড অন্যদিকে, CO_2 অম্লধর্মী, এটি পানিতে দ্রবীভূত হয়ে দুর্বল কার্বনিক এসিড উৎপন্ন করে, যা নীল লিটমাসকে লাল করে।



কার্বনিক এসিড

সুতরাং বলা যায় যে, NH_3 ক্ষারধর্মী কিন্তু CO_2 অম্লধর্মী।

প্রশ্ন ▶ ০৬ Q, R ও T মৌল তিনটির পারমাণবিক সংখ্যা যথাক্রমে

12, 14, 17। [Q, R ও T প্রতীকী অর্থে ব্যবহৃত]

- | | | |
|----|--|---|
| ক. | বাস্পীভবন কাকে বলে? | ১ |
| খ. | কণার গতিতন্ত্র ব্যাখ্যা কর। | ২ |
| গ. | Q মৌলটির বিদ্যুৎ পরিবাহিতা ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. | উদ্দীপকের একটি মৌল একাধিক উপায়ে স্থিতিশীলতা অর্জন করে— বিশ্লেষণ কর। | ৪ |

[অধ্যায় ৫ এর আলোকে]

৬ং প্রশ্নের উত্তর


ক কোনো তরল পদার্থকে তাপ প্রদান করে বাস্পে পরিণত করার প্রক্রিয়াকেই বাস্পীভবন বলে।

